



**নূতন এবং বৃদ্ধি পেতে থাকে খ্রীষ্টিয়ানদের জন্য মৌলিক বাইবেল অধ্যয়ন**

Copyright © 2022

চার্লস "চিক" শেভার, *লেখক*

## ছাত্রছাত্রীদের জন্য ভূমিকা

এখন আপনি একজন খ্রীষ্টিয়ান। এখন আপনাকে একজন খ্রীষ্টিয়ান রূপে বৃদ্ধি পেতে শিখতে হবে। একজন খ্রীষ্টিয়ান রূপে বৃদ্ধি পাওয়ার বিষয়ে আপনি আটটি শিক্ষা অধ্যয়ন করবেন।

প্রতিটি শিক্ষা আপনি অধ্যয়ন করুন আপনার নিজের থেকেই। আপনার সাধ্য অনুসারে আপনি প্রশ্নাবলীর শ্রেষ্ঠ উত্তর দিন। তারপর আপনার শিক্ষকের সঙ্গে অথবা আপনার পালকের সঙ্গে আপনি দেখা করুন। তাঁরা আপনাকে সাহায্য করবেন। তাঁরা সেই সকল প্রশ্নের উত্তর দেবেন যেগুলির উত্তর আপনি জানেন না। শিক্ষাটি বুঝতে তাঁরা আপনাকে সাহায্য করবেন।

প্রতিটি শিক্ষায় মুখস্থ করে রাখার জন্য আপনি একটি করে বাইবেলের পদ পাবেন। এই পদগুলি আপনাকে শিখতে হবে। সেগুলিকে মুখস্থ করতে হবে। খ্রীষ্টিয়ান রূপে বৃদ্ধি পাওয়ার জন্য এই পদগুলি আপনাকে সাহায্য করবে।

কখনো কখনো আপনি এমন কিছু শব্দ দেখবেন **এই প্রকার** মোটা অক্ষরে। এইগুলি হল সেই শব্দ অথবা শব্দগুচ্ছ, যেগুলির সঙ্গে আপনি সুপরিচিত নাও হতে পারেন। প্রতিটি শিক্ষা শেষে, আপনি সংক্ষিপ্ত সংজ্ঞা সহ সেই সকল শব্দের তালিকা দেখতে পাবেন।

ঈশ্বর আপনাকে অত্যন্ত প্রেম করেন। তিনি আপনার ঈশ্বর হতে চান। তিনি চান যেন আপনি তাঁর বিষয়ে শেখেন। আপনি ঈশ্বরের সঙ্গে কথা বলতে পারেন। আপনি তাঁকে বলতে পারেন যেন তিনি আপনাকে সাহায্য করেন। তিনি আপনাকে বুঝতে সাহায্য করবেন। তিনি আপনাকে শিখতে সাহায্য করবেন।

## শিক্ষকের জন্য ভূমিকা

এই পুস্তকটি একজন নতুন খ্রীষ্টিয়ানকে দিন, তার ধর্মান্তরিত হওয়ার সময় অথবা তারপর যত শীঘ্র সম্ভব। শিক্ষাগুলি পাঠ করার জন্য এবং সেই সকল প্রশ্নের যথাসাধ্য শ্রেষ্ঠ উত্তর দেওয়ার জন্য, সেই ব্যক্তিকে উৎসাহ প্রদান করুন। সেই ব্যক্তিকে বলুন যেন একটি সময়ে তিনি একটি শিক্ষার উপরে কাজ করেন। সেই ছাত্রের সঙ্গে সাক্ষাৎ করার জন্য এবং শিক্ষার বিষয়ে আলোচনা করার জন্য, প্রত্যেক সপ্তাহে একটি সময় নির্ধারিত করার চেষ্টা করুন।

সেই ছাত্র যদি একাকী শিক্ষা পাঠ করতে না পারে, তাহলে একটি সময় নির্ধারণ করুন যখন তার জন্য আপনি সেটি পাঠ করতে পারবেন এবং তার সঙ্গে শিক্ষাগুলির আলোচনা করতে পারবেন। যদিও এক সময়ে একটি করে শিক্ষা নেওয়াই সম্ভব হবে, কিন্তু তবুও প্রতিটি শিক্ষার জন্য একাধিক অধিবেশন রাখা আবশ্যক হতে পারে। বাইবেল থেকে শাস্ত্রবাক্য খুঁজে বার করতে ছাত্রটিকে সাহায্য করুন। একত্রে প্রশ্নাবলীর উত্তর দিন, পরবর্তী শিক্ষায় যাওয়ার পূর্বে এটি নিশ্চিত করুন যেন সেই ছাত্র বিষয় বস্তু বুঝতে পারে। (সম্ভাব্য উত্তরগুলি পাওয়া যাবে পরিশিষ্টে।)

**পাঠ ১**

## খ্রীষ্টিয়ানগণ হল ঈশ্বরের

***মুখস্থ করার পদ :***

> যীশু বললেন, "দেখ, আমি দরজার কাছে দাঁড়িয়ে দরজায় ধাক্কা দিচ্ছি; যদি কেউ আমার গলার আওয়াজ শুনে দরজা খুলে দেয়, তবে আমি ভিতরে তার কাছে যাব" (প্রকাশিত বাক্য ৩:২০)।

নিচে দেওয়া প্রতিটি প্রশ্নের জন্য বাইবেল থেকে অথবা নূতন নিয়ম থেকে বাইবেলের পদগুলির শিক্ষা খুঁজে বার করুন। "যোহন ১:১২" কথাটির অর্থ হয় যোহন লিখিত সুসমাচারের ১ অধ্যায়ের ১২ সংখ্যক পদটি। বাইবেলের শুরুতে পুস্তকগুলির তালিকাটি বার করুন। সেখানে আপনি সেই সকল পুস্তকের পৃষ্ঠা সংখ্যা খুঁজে পাবেন। সেই পৃষ্ঠা খুলুন যেখানে সেই পুস্তকটি শুরু হয়। সেখানে বাইবেলের নির্দিষ্ট পদটি বার করুন আর সেগুলি পাঠ করুন। তারপর সেই শিক্ষায় প্রতিটি বাক্য ও প্রশ্ন পড়ুন। আপনার নিজের কথায় উত্তরগুলি লিখুন। অথবা, বাইবেলের শব্দগুলি ব্যবহার করুন। (পুরাতন নিয়মের পদগুলি আপনার জন্য ছেপে দেওয়া হয়েছে।)

১) যোহন ১:১২ পদটি পাঠ করুন। আমি যীশুকে **আমার হৃদয়ে** গ্রহণ করেছি। আমি বিশ্বাস করি যে যীশু খ্রীষ্ট হলেন ঈশ্বর। যীশু হলেন আমার **পরিত্রাতা।** আমি একজন **খ্রীষ্টিয়ান।** এর অর্থ কি এই হয় যে আমি ঈশ্বরের এক সন্তান? (হাঁ অথবা না)

২) যীশু হলেন সেই সকল মানুষদের বন্ধু, যারা তাঁকে গ্রহণ করে। যীশু **আমাদের হৃদয়ে** আসতে চান। আসার জন্য তিনি অপেক্ষা করে আছেন। কিন্তু তাঁকে আসার জন্য আমাদের বলতে হবে। প্রকাশিত বাক্য ৩:২০ পদ পাঠ করুন, আর নিচে দেওয়া প্রশ্নগুলির উত্তর দিন।

ক) কে **আমাদের হৃদয়ে** আসতে চান?

খ) যীশুর রবে কে সাড়া দিতে পারে?

গ) আমি কি করি বলে যীশু চান?

ঘ) আমি যখন আমার হৃদয়ের দুয়ার খুলে দেব তখন যীশু খ্রীষ্ট কি করবেন?

ঙ) আপনি কি **আপনার হৃদয়ে** যীশু খ্রীষ্টকে আসতে বলেছেন? (হাঁ অথবা না)

চ) আপনি কি এখন একজন **খ্রীষ্টিয়ান**? (হাঁ অথবা না)

ছ) লুক ১৯:২০ পদ পাঠ করুন। যীশু খ্রীষ্ট কি সেই সকল মানুষদের উদ্ধার করতে এসেছিলেন যারা হারিয়ে গিয়েছে? (হাঁ অথবা না)

| |
|---|
| হারিয়ে গিয়েছে অর্থাৎ সেই সকল প্রতিটি ব্যক্তি, যারা যীশুকে পরিত্রাতা রূপে জানে না। |

৪) রোমীয় ৩:২৩ পদ পাঠ করুন।

ক) কেন মানুষ **হারিয়ে গিয়েছে**?

খ) তারা কি পাপ করেছে বলে? (হাঁ অথবা না)

গ) রোমীয় ৬:২৩ পদ যখন বলে **পাপের** "বেতন" অথবা পরিণাম হয় মৃত্যু, তখন সেটির কি অর্থ হয়?

ঘ) এর অর্থ কি এই হয় যে **পাপ**, ঈশ্বরের থেকে **পাপীকে** বিচ্ছিন্ন করে দেয়? (হাঁ অথবা না)

| |
|---|
| **পাপীদের** যখন মৃত্যু হবে তখন তারা **নরকে** থাকবে। কিন্তু **বিশ্বাসীদের** জন্য যীশু খ্রীষ্ট **অনন্ত জীবনের** অনুগ্রহ দান দেন। **বিশ্বাসীদের** যখন মৃত্যু হবে তখন তারা **স্বর্গে** জীবিত থাকবে। |

৫) রোমীয় ৫:৮ পদ পাঠ করুন। আমরা যখন পাপী ছিলাম তখন কে আমাদের জন্য মৃত্যু বরণ করেছিলেন?

৬) ১ যোহন পত্রটি খুঁজে বার করুন। এটি আছে নূতন নিয়মের শেষের দিকে। ১ যোহন হল, যোহণের দ্বারা লিখিত পত্রগুলির মধ্যে একটি। যোহন লিখিত সুসমাচার এবং এই ১

যোহন একই নয়। এই ১ যোহন ১:৯ পদটি পাঠ করুন। আমরা যদি আমাদের **পাপ** স্বীকার করি, তাহলে ঈশ্বর কি করবেন?

| |
|---|
| **স্বীকার** করার অর্থ হয় **ঈশ্বরের** কাছে স্বীকার করা যে **আমরা পাপী।** |

৭) যিশাইয় ৫৫:৭ পদ বলে, "দুষ্ট লোক তার পথ আর মন্দ লোক তার সব চিন্তা ত্যাগ করুক।" এটি আরও বলে যে, তারা "আমাদের ঈশ্বরের দিকে ফিরুক, কারণ তিনি প্রচুরভাবে **ক্ষমা** করবেন" তাদের **পাপের** জন্য অবশ্যই তাদের **অনুতাপ** করতে হবে। নিম্নলিখিত প্রশ্নাবলীর উত্তর দিন।

ক) দুষ্ট মানুষদের কি করা বন্ধ করা উচিত?

খ) তাদের মন্দ চিন্তাগুলি নিয়ে তাদের কি করতে হবে?

গ) আমরা যখন মন ফিরাই তখন ঈশ্বর কি করবেন?

৮) ইফিষীয় ২:৮-৯ পদ পাঠ করুন। সঠিক উত্তর কোনটি? (ক, খ, অথবা গ) আমার অথবা অন্য যে কোন ব্যক্তির ক্ষেত্রে **পরিত্রাণ পাওয়ার** উপায় কি?

ক) আমাকে অনেক কাজ করতে হবে।

খ) আমাকে নিজেকে **পরিত্রাণ** করতে চেষ্টা করতে হবে।

গ) আমার **পরিত্রাণ** করার জন্য আমাকে যীশু খ্রীষ্টের উপরে বিশ্বাস করতে হবে।

৯) ইফিষীয় ২:১০ পদ পাঠ করুন।

ক) **পরিত্রাণ** পাওয়ার পর আমাদের কি করতে হবে।

খ) ভাল কাজ করা কি আমাদের পরিত্রাণ দেয়? (হাঁ অথবা না)

১০) যীশু খ্রীষ্টের মাধ্যমে আমরা কাকে জানার শিক্ষা লাভ করি। (যোহন ১৪:৬ এবং ১৪:৯)

১১) ১ যোহন ৫:১৩ পদ পাঠ করুন। **বিশ্বাসীরা** কি জানতে পারে যে এখন তারা **অনন্ত জীবন** পেয়েছে? (হাঁ অথবা না)

১২) যোহন ৬:৪৭ পদ পাঠ করুন।

ক) যে ব্যক্তি যীশু খ্রীষ্টকে বিশ্বাস করে সে কি **অনন্ত জীবন** লাভ করে? (হাঁ অথবা না)

খ) এর অর্থ কি এই হয় যে আমি অনন্তকাল থাকবো? (হাঁ অথবা না)

গ) আমার যখন মৃত্যু হবে তখন আমি কোথায় থাকবো?

১৩) আপনি কি জানেন যে আপনি ঈশ্বরের এক সন্তান? যদি হাঁ, তাহলে আপনি কি আপনার নিজের কথায় বলতে পারবেন যে কিভাবে আপনি সেটি জেনেছেন?

যীশু আপনাকে নূতন জীবন দিয়েছেন। আপনি হলেন ঈশ্বরের এক সন্তান। এখন, একজন খ্রীষ্টিয়ান রূপে কিভাবে আপনি বৃদ্ধি লাভ করতে পারবেন? বৃদ্ধি পাওয়ার জন্য এখানে কয়েকটি গুরুত্বপূর্ণ পথ দেওয়া হল।

*প্রতিদিন বাইবেল অধ্যয়ন করুন।* মথি ৪:৪ পদ পাঠ করুন। তারপর প্রতিদিন যোহন লিখিত সুসমাচার থেকে একটি করে অধ্যায় পাঠ করুন। যোহন লিখিত সুসমাচার এবং বাইবেলের অন্যান্য পুস্তকের এই শিক্ষাগুলির বিষয়ে প্রশ্ন আছে। প্রতিটি শিক্ষার জন্য মুখস্থ করা পদগুলি অধ্যয়ন করুন। প্রতিটি পদ মুখস্থ করুন।

*প্রতিদিন প্রার্থনা করুন।* ঈশ্বরের সাথে কথা বলুন। এমন বিশেষ কোন কথা হয় না, যেটি আপনাকে বলতেই হবে। ঈশ্বরের সঙ্গে আপনি তেমন ভাবেই কথা বলুন যেমন ভাবে আপনি কোন প্রিয় মিত্রের সঙ্গে কথা বলেন।

*যত ঘন ঘন সম্ভব মণ্ডলীতে যোগদান করুন।* এমন একটি মণ্ডলীতে যোগদান করুন যেখানে বাইবেল থেকে শিক্ষা দেওয়া হয়। এমন একটি মণ্ডলীতে যোগদান করুন যেখানে যীশুর বিষয়ে প্রচার করা হয়। আপনাকে অন্যান্য **খ্রীষ্টিয়ানদের** সঙ্গে থাকতে হবে। যীশুর জন্য বাঁচতে তারা আপনাকে সাহায্য করবে।

*ঈশ্বরের আজ্ঞা পালন করুন।* ঈশ্বরকে বলুন যেন তিনি আপনাকে সাহায্য করেন। তিনি আপনাকে বলে দেবেন যে আপনাকে কি করতে হবে। তিনি বাইবেলের মাধ্যমে আপনার সঙ্গে কথা বলবেন। মণ্ডলীতে তিনি আপনার সঙ্গে কথা বলবেন। আপনি যখন ভাবেন যে কি করতে হবে, তখন আপনি নিজেকে জিজ্ঞাসা করুন, "যীশু কি করতেন?" এই প্রশ্নের উত্তর আপনাকে ঈশ্বরের আজ্ঞা পালন করতে সাহায্য করবে।

*অন্যান্য মানুষদের কাছে সাক্ষ্য প্রদান করুন।* অন্যের কাছে বলুন আপনার জন্য যীশু খ্রীষ্ট কি করেছেন। অন্যান্য ব্যক্তিদের কাছে **সাক্ষ্য প্রদান করুন** যে আপনি এখন একজন **খ্রীষ্টিয়ান।**

এখন, আপনাকে ভাল ভাবে বোঝা উচিত যে একজন **খ্রীষ্টিয়ান** কি। এটি হল আপনার **খ্রীষ্টিয়ান** জীবনের শুরু মাত্র। আরও অনেক আনন্দ আসতে চলেছে!

*শব্দ তালিকা*

১) **বিশ্বাসীগণ** (*বিশেষ্য পদ*) : সেই সকল মানুষগণ যারা যীশু খ্রীষ্টকে তাদের **পরিত্রাতা** রূপে বিশ্বাস করে; সেই সকল মানুষগণ যারা যীশু খ্রীষ্টকে **তাদের হৃদয়ে** গ্রহণ করেছে; সেই সকল মানুষগণ যারা **খ্রীষ্টিয়ান।**

২) **খ্রীষ্টিয়ান** (*নামবাচক বিশেষ্য পদ*) : এমন একজন ব্যক্তি যে **পাপের থেকে মন ফিরায়** আর যীশুতে বিশ্বাস করে; এমন একজন ব্যক্তি যে যীশু খ্রীষ্টের অনুসরণ করে ও তাঁর আজ্ঞা পালন করে।

৩) **স্বীকার করা** (*ক্রিয়া পদ*) : ঈশ্বরকে বলা যে আপনি একজন **পাপী**; আপনার **পাপের** বিষয়ে এবং আপনার মন্দ চিন্তা ও কাজের বিষয়ে ঈশ্বরকে বলা।

৪) **অনন্ত জীবন** (*বিশেষ্য শব্দগুচ্ছ*) : যে জীবন ঈশ্বর দেন; এখন ঈশ্বরের সঙ্গে জীবন এবং **স্বর্গে** তাঁর সঙ্গে অনন্ত জীবন।

৫) **ক্ষমা করা** (*ক্রিয়া পদ*) : কাউকে তাদের মন্দ চিন্তা অথবা কাজের জন্য শাস্তি না দেওয়া; (আমরা যখন **মন ফিরাই**, তখন ঈশ্বর আমাদের **পাপগুলি ক্ষমা** করেন এবং ভুলে যান।)

৬) **স্বর্গ** (*বিশেষ্য পদ*) : মৃত্যুর পরে **খ্রীষ্টিয়ানদের** নিবাস স্থান।

৭) **নরক** (*বিশেষ্য পদ*) : মৃত্যুর পরে যেখানে **পাপীদের** শাস্তি দেওয়া হয়।

৮) **আমার হৃদয়ে, আমাদের হৃদয়ে** (*অব্যয় সংক্রান্ত শব্দগুচ্ছ*) : মৃত্যুর আভ্যন্তরীণ ব্যক্তিত্বে; মানুষদের কেন্দ্রে; (হৃদয়ের অন্তর্ভুক্ত থাকে একজন ব্যক্তির মন, ইচ্ছা এবং আকাঙ্ক্ষা)।

৯) **হারিয়ে যাওয়া** (*বিশেষণ পদ*) : ঈশ্বরের কাছে ফিরে আসার পথ খুঁজে না পাওয়া; **অনন্ত জীবনের** প্রত্যাশা না থাকা; যীশু খ্রীষ্টকে **পরিত্রাতা** রূপে না জানা।

১০) **মন ফিরানো** (*ক্রিয়া পদ*) : ঈশ্বরকে বলুন যেন তিনি **পাপ ক্ষমা করে দেন**; **পাপ** থেকে ফিরে আসুন আর ঈশ্বরের কাছে ফিরে যান।

১১) **পরিত্রাণ করা; পরিত্রাণ করেন** (*ক্রিয়া পদ*): **পাপ** থেকে মুক্ত করা; (যীশু খ্রীষ্ট **পরিত্রাণ** করেন অথবা **পাপ থেকে** আমাদের শুচি করেন। সুতরাং, তিনি **নরকে** শাস্তি পাওয়া থেকে আমাদের **মুক্ত করেন।**)

১২) **পরিত্রাতা** (*নামবাচক বিশেষ্য পদ*): যীশু খ্রীষ্ট; যিনি **পাপ** থেকে আমাদের **পরিত্রাণ** করেন।

১৩) **পাপ করা** (*ক্রিয়া পদ*): **পাপসমূহ** (*বিশেষ্য পদ*): মন্দ কাজ করবেন না এবং মন্দ চিন্তা করবেন না; ঈশ্বরের অবাধ্য হওয়া; মন্দ চিন্তা অথবা কাজ করা।

১৪) **পাপী** (*বিশেষ্য পদ*): যে ব্যক্তি ঈশ্বরের ব্যবস্থা পালন করে না; যে ব্যক্তি **পাপ** করে।

১৫) **সাক্ষ্য দেওয়া** (*ক্রিয়া পদ*): যীশু খ্রীষ্ট সম্পর্কে মানুষদের বলা; তাদের একথা বলা যে যীশু খ্রীষ্ট আপনার জন্য কি করেছেন।

পাঠ ২

## খ্রীষ্টিয়ানগণ ঈশ্বরের সঙ্গে চলে

***মুখস্থ করার পদ :***

> "মানুষ যা সহ্য করতে পারে, তা ছাড়া অন্য পরীক্ষা তোমাদের প্রতি হয়নি; আর ঈশ্বরে বিশ্বস্ত থাক; তিনি তোমাদের প্রতি তোমাদের শক্তির অতিরিক্ত পরীক্ষা হতে দেবেন না, কিন্তু পরীক্ষার সঙ্গে সঙ্গে রক্ষার পথও করে দেবেন, যা তোমরা সহ্য করতে পার।" (১ করিন্থীয় ১০:১৩)

কিছু কিছু দিক থেকে নূতন খ্রীষ্টিয়ানগণ হয়ে থাকে শিশুদের ন্যায়। শিশুদের বৃদ্ধি হয় তাদের জন্মের পর। যীশুতে নূতন বিশ্বাসী রূপে খ্রীষ্টিয়ানদের বৃদ্ধি পেতে হবে। খ্রীষ্টিয়ানগণ তখন বৃদ্ধি পেতে থাকে, যখন তারা ঈশ্বরের উপরে ভরসা রাখে। খ্রীষ্টিয়ানগণ তখন বৃদ্ধি পেতে থাকে, যখন তারা ঈশ্বরের আজ্ঞা পালন করে। আমাদের বৃদ্ধিকে আমরা "ঈশ্বরের সঙ্গে গমনাগমন করা" বলে থাকি। মীখা বলেছেন, "...নম্র ভাবে তোমার ঈশ্বরের সঙ্গে চল" (মীখা ৬:৮)। মীখা ছিলেন পুরাতন নিয়মের একজন ভাববাদী।

বাইবেলের নিম্নলিখিত পদগুলি খুঁজে বার করুন আর পাঠ করুন। তারপর নিচে দেওয়া প্রশ্নগুলির উত্তর দিন আপনার নিজের শব্দে। অথবা বাইবেলের পদ থেকে শব্দগুলি ব্যবহার করুন।

১) যোহন লিখিত সুসমাচারটি আমাদের বলে যে কিভাবে ঈশ্বরের সঙ্গে গমনাগমন করতে হয়।

   ক) যোহন ৮:১২ পদ পাঠ করুন। খ্রীষ্টিয়ানগণ কি অন্ধকারে জীবন যাপন করে অথবা গমনাগমন করে? (হাঁ অথবা না)

   খ) ঈশ্বর কি চান যেন আমরা সেই জ্যোতিতে চলি, যে জ্যোতি জীবন দান করে? (হাঁ অথবা না)

   গ) যোহন ১:৩৭ পদ পাঠ করুন। কার অনুসরণ করা খ্রীষ্টিয়ানদের উচিত?

ঘ) যোহন ২:৫ পদ পাঠ করুন। খ্রীষ্টিয়ানদের কি সেই সকল কিছুই করা উচিত যেগুলি যীশু তাদের করতে বলেন? (হাঁ অথবা না)

ঙ) যোহন ৫:১৪ পদ পাঠ করুন। ঈশ্বরের আজ্ঞা পালন করা কি খ্রীষ্টিয়ানদের বন্ধ করে দেওয়া উচিত?

চ) ১ পিতর ৫:৮ পদ পাঠ করুন। কে ঈশ্বরের সঙ্গে গমনাগমন করতে চায় না?

৩) মথি ৪:১ পদ পাঠ করুন। যীশু খ্রীষ্টের প্রতি **দিয়াবল** কি করেছিল?

৪) ইব্রীয় ৪:১৪-১৫ পদ পাঠ করুন। বাইবেল বলে যে, যীশু **পরীক্ষিত হয়েছিলেন। পরীক্ষিত হয়ে যীশু কি পাপ করেছিলেন?** (হাঁ অথবা না)

**পরীক্ষিত হওয়া** এবং পাপ করা একই বিষয় নয়। **পরীক্ষিত হওয়ার** অর্থ হয় অন্যায় করার দিকে পরিচালিত অথবা আমন্ত্রিত হওয়া। আর পাপ হল অন্যায় কাজ করা। **পরীক্ষিত হওয়া** কি একটি পাপ? (হাঁ অথবা না)

৫) দিয়াবল যখন আমাদের **পরীক্ষা করে**, তখন আমাদের উচিত ঈশ্বরের কাছে প্রার্থনা করা। আমরা **দিয়াবলের** সঙ্গে সংগ্রাম করি ঈশ্বরের সাহায্যে। যাকোব ৪:৭ পদ পাঠ করুন। **দিয়াবল যখন আপনার পরীক্ষা করে**, তখন আপনার কি করা উচিত?

৬) যাকোব ৪:১৭ পদ এবং ১ যোহন ৩:৪ পদ পাঠ করুন। পাপ মানে কি?

৭) যিশাইয় ৫৯:২ পদ বলে, "কিন্তু তোমাদের অপরাধ সকল তোমাদের ঈশ্বরের সহিত তোমাদের বিচ্ছেদ জন্মাইয়াছে।" আমার অপরাধ কি আমাকে ঈশ্বর থেকে বিচ্ছিন্ন করে দেয় (হাঁ অথবা না)

৮) ১ যোহন ৩:৯ পদ পাঠ করুন।

ক) বাইবেলের এই পদটি আপনার জন্য কি অর্থ করে?

খ) ঈশ্বরের কোন সন্তান কি ক্রমাগত ভাবে পাপ করতে থাকে?

৯) ১ করিন্থীয় ১০:১৩ পদ পাঠ করুন। আমাদের জন্য ঈশ্বরের প্রতিজ্ঞা কি? (ক অথবা খ)

ক) **পরীক্ষা** থেকে রক্ষা পেতে ঈশ্বর আমাকে সাহায্য করবেন। তিনি আমাকে সাহায্য করবেন যেন আমি **পাপ না করি।**

খ) **পরীক্ষা** থেকে রক্ষা পেতে ঈশ্বর আমাকে সাহায্য করবেন না। তিনি আমাকে সাহায্য করবেন না যখন আপনি প্রলোভিত হয়ে যাই।

১০) ১ যোহন ২:১ পদ বলে যে, এই পুস্তকটি লেখা হয়েছিল যোহনের দ্বারা। এই পুস্তকটিকে যোহন কেন লিখেছিলেন?

১১) ১ যোহন ২:১ পদ পুনরায় পাঠ করুন। খ্রীষ্টিয়ানদের পাপ করা উচিত নয়। এই প্রশ্নের সর্বশ্রেষ্ঠ উত্তর কোনটি (ক, খ, গ, অথবা ঘ)? খ্রীষ্টিয়ানগণ যদি পাপ করবে বলে মনোনীত করে, তাহলে তাদের উচিত :

ক) একথা বলা যে পাপ না করে তারা থাকতে পারে না। তাদের বলা উচিত যে দিয়াবল তাদের দ্বারা পাপ করায়।

খ) এমন ভান করা যে তারা কোন পাপ করে নি।

গ) যীশুর কাছে পাপ স্বীকার করা এবং অনুতাপ করা উচিত। এবং তারপর তাদের উচিত যেন তারা ঈশ্বরের উদ্দেশ্যে জীবন যাপন করে।

ঘ) খ্রীষ্টিয়ান জীবন যাপন করা বন্ধ করে দেওয়া। তাদের অনুভব করা উচিত যে যীশুর জন্য তারা জীবন যাপন করতে পারবে না।

১২) ১ যোহন ১:৯ পদ পাঠ করুন। ঈশ্বর চান না যে আমরা পাপ করি। কিন্তু যদি আমরা পাপ করে ফেলি, তাহলে তিনি কি আমাদের ক্ষমা করবেন? (হ্যাঁ অথবা না)

| |
|---|
| আমরা যখন আমাদের পাপ স্বীকার করি ও মন ফিরাই, তখন তিনি আমাদের ক্ষমা করেন। |

১৩) যোহন ১৪:২১ পদ পাঠ করুন। আমরা যখন যীশুর আজ্ঞা পালন করি তখন তাঁর প্রতি আমরা কি প্রদর্শন করি?

১৪) যোহন ১০:২৭-২৮ পদ পাঠ করুন। এই পদে "মেষ" কথাটির অর্থ হল খ্রীষ্টিয়ানগণ। কে অনন্ত জীবন লাভ করবে?

| |
|---|
| যীশু হলেন উত্তম মেষপালক, যিনি তাঁর মেষদের পালন করেন। যীশু সেই সকল প্রত্যেক ব্যক্তিকে জানেন, যে একজন খ্রীষ্টিয়ান। যীশু খ্রীষ্টের অনুসরণ করা কি খ্রীষ্টিয়ানদের জন্য গুরুত্বপূর্ণ? (হাঁ অথবা না) |

এখন ঈশ্বরের সঙ্গে গমনাগমন করুন। **পরীক্ষার সম্মুখীন হয়ে পাপ করবেন না।** ঈশ্বরের আজ্ঞা পালন করুন। প্রতিটি দিন যীশু খ্রীষ্টের অনুসরণ করুন।

*শব্দ তালিকা*

১) **দিয়াবল** (*বিশেষ্য পদ*) : সেই মন্দ আত্মা যে অন্যায় কাজ করার জন্য মানুষদের **প্রলোভিত করে**; সর্বাপেক্ষা শক্তিশালী মন্দ আত্মা; (**দিয়াবল** ঈশ্বরের বিরুদ্ধে সংগ্রাম করে।)

২) **ভাববাদী** (*বিশেষ্য পদ*) : এমন একজন ব্যক্তি যিনি ঈশ্বরের হয়ে কথা বলেন; (একজন **ভাববাদী**, ঈশ্বরের বক্তব্য মানুষদের জানিয়ে দেন।)

৩) **সহ্য করিতে পার** (*ক্রিয়া পদ*) : **প্রলোভনে** পা না দেওয়া; (এই পদে **সহ্য করিতে পার** কথাটির অর্থ হয় প্রভুতে দৃঢ় থাকা। **সহ্য করিতে পার** কথাটির অর্থ ঈশ্বরের বিরুদ্ধে পাপ না করা।)

৪) **পরীক্ষা করা, পরীক্ষিত হওয়া** (*ক্রিয়া পদ*) : কোন এক ব্যক্তিকে দিয়ে পাপ অথবা অন্যায় কাজ করানো।

৫) **পরীক্ষা, পরীক্ষাগুলি** (*বিশেষ্য পদ*) : যে কোন কিছু মানুষকে পাপ করার অথবা অন্যায় কাজ করার দিকে প্ররোচিত করে; **দিয়াবলের** দ্বারা **পরীক্ষা করার** কাজ; **দিয়াবল** একজন ব্যক্তিকে পাপ করার দিকে প্ররোচিত করে।

৬) **বিশ্বাস করা** (*ক্রিয়া পদ*) : সম্পূর্ণ রূপে ঈশ্বরে বিশ্বাস করা; তার উপর ভরসা করা; সম্পূর্ণ রূপে বিশ্বাস করা।

৭) **মেনে নেওয়া** (*ক্রিয়া পদ*) : মেনে নেওয়া; পাপের প্রতি “হাঁ” বলা; সেই কাজ করা, যে কাজ করা আমাদের উচিত নয়।

**পাঠ ৩**

## খ্রীষ্টিয়ানগণ ঈশ্বরের থেকে শিক্ষা গ্রহণ করে

***মুখস্থ করার পদ :***

> “ আমি তোমার বাক্য **হৃদয়ে সঞ্চয় করে রেখেছি**, যেন আমি তোমার বিরুদ্ধে পাপ না করি।” (গীতসংহিতা ১১৯:১১)।

পবিত্র বাইবেল হল **ঈশ্বরের বাক্য।** এটি আমাদের জীবনের জন্য ঈশ্বরের পরিকল্পনার বিষয়ে আমাদের বলে। এটি এই জগতের জন্য ঈশ্বরের পরিকল্পনার বিষয়ে আমাদের বলে। ঈশ্বরের সত্য জানার জন্য প্রতিদিন বাইবেল পাঠ করুন। আমাদের সম্পর্কে তাঁর প্রতিজ্ঞার বিষয়ে জানার জন্য বাইবেল পাঠ করুন।

নিচে দেওয়া প্রশ্নগুলির উত্তর দিন আপনার নিজের শব্দে। অথবা বাইবেলের পদ থেকে শব্দগুলি ব্যবহার করুন।

১) যোহন ১৭:১৭ পদ পাঠ করুন। **ঈশ্বরের বাক্য** কি সত্য?

| |
|---|
| **ঈশ্বরের বাক্য** হল আমাদের জন্য তাঁর শিক্ষা। |

২) ২ তীমথিয় ৩:১৬ পদ পাঠ করুন। কিভাবে আমরা জানতে পারি যে শাস্ত্র হল ঈশ্বরের সত্য?

| |
|---|
| **সমস্ত শাস্ত্রবাক্য হল ঈশ্বর নিশ্বাসিত,** অথবা ঈশ্বরের অনুপ্রাণিত। এর অর্থ এই যে, শাস্ত্র এসেছে ঈশ্বরের থেকে। যে সকল মানুষ বাইবেল রচনা করেছিলেন, ঈশ্বর তাঁদের চিন্তাধারাকে অনুপ্রাণিত করেছিলেন। |

৩) নিম্নলিখিত পদগুলিতে **ঈশ্বরের বাক্য** অথবা **শাস্ত্র** আমাদের জন্য কি করবে, সেটি বলুন।

ক) ২ তীমথিয় ৩:১৫ পদ পাঠ করুন। পরিত্রাণের জন্য **ঈশ্বরের বাক্য** কি আমাদের জ্ঞানী করে তুলবে? (হাঁ অথবা না)

খ) যোহন ১৫:৩ পদ পাঠ করুন। **ঈশ্বরের বাক্য** কি আমাদের হৃদয়কে শুচি করবে? (হাঁ অথবা না)

গ) প্রেরিত ২০:৩২ পদ পাঠ করুন। **ঈশ্বরের বাক্য** কি আমাদের শক্তি প্রদান করবে? (হাঁ অথবা না)

৪) খ্রীষ্টিয়ানদের জন্য **ঈশ্বরের বাক্য** অত্যন্ত গুরুত্বপূর্ণ। যোহন ৮ অধ্যায় খুলুন। অনেকগুলি পদ বলে দেবে যে **ঈশ্বরের বাক্য** নিয়ে আমাদের কি করতে হবে।

ক) যোহন ৮:৫৪-৫৫ পদ পাঠ করুন। যীশু খ্রীষ্ট পিতা ঈশ্বরকে জানতেন। ঈশ্বরের বাক্য নিয়ে যীশু কি করেছিলেন?

খ) যোহন ৮:৩৭ পদ পাঠ করুন। কোন কোন মানুষ যীশুর শিক্ষা গ্রহণ করে না। তাদের কাছে ঈশ্বরের বাক্যের জন্য কোন স্থান নেই। এর অর্থ কি এই হয় যে তারা **ঈশ্বরের বাক্য** পালন করে না? (হাঁ অথবা না)

গ) যোহন ৮:৪৭ পদ পাঠ করুন। বিশ্বাসী হয় ঈশ্বরের নিজস্ব, দিয়াবলের নয়। **ঈশ্বরের বাক্য** নিয়ে বিশ্বাসীরা কি করে?

ঘ) বিশ্বাসীরা কি সেই সকল কথা শোনে, যেগুলি ঈশ্বর বলেন? (হাঁ অথবা না)

ঙ) যোহন ৮:৩১ পদ পাঠ করুন। **ঈশ্বরের বাক্য** নিয়ে একজন **শিষ্য** কি করবেন?

চ) শিষ্যগণ কি **ঈশ্বরের বাক্য** পালন করবেন? (হাঁ অথবা না)

ছ) যোহন ৮:৫১ পদ পাঠ করুন। আমরা কিভাবে অনন্ত জীবন পেতে পারি?

জ) **ঈশ্বরের বাক্য** পালন করা কি আবশ্যক? (হাঁ অথবা না)

যীশু বললেন যে তিনি তাঁর পিতা, ঈশ্বরের বাক্য পালন করেন। **ঈশ্বরের বাক্য** যীশু পালন করেছিলেন। আমাদের পিতা, ঈশ্বরের বাক্য পালন করা আমাদেরও উচিত।

৫)	যোহন ১৪:২৩ পদ পাঠ করুন। আমি যখন যীশুর বাক্য পালন করি, তখন তাঁর প্রতি আমি কি প্রদর্শন করি?

৬)	যোহন ২০:৩১ পদ পাঠ করুন।

ক)	**ঈশ্বরের** লিখিত **বাক্য** কি ঈশ্বরের পুত্র যীশুর বিষয়ে আমাদের বলে? (হাঁ অথবা না)

খ)	যীশু খ্রীষ্ট, বিশ্বাসীদের কি প্রদান করেন?

৭)	ইফিষীয় ৬:১৭ পদ পাঠ করুন। দিয়াবল চেষ্টা করে খ্রীষ্টিয়ান জীবন যাপন করার ক্ষেত্রে আমাদের পরাস্ত করতে। সে আমাদের প্রলোভন দেখায় আর আমাদের দ্বারা পাপ কাজ করাতে চেষ্টা করে।

ক)	দিয়াবলকে পরাস্ত করার জন্য আমরা কি ব্যবহার করতে পারি?

খ)	পবিত্র আত্মার তরবারি কি হয়?

৮)	মথি ৪:৪, ৪:৭, এবং ৪:১০ পদগুলি পাঠ করুন।

ক)	দিয়াবলকে যীশু কেমন ভাবে উত্তর দিয়েছিলেন?

খ)	যীশু কেন শাস্ত্রের পদগুলি ব্যবহার করেছিলেন?

৯)	গীতসংহিতা ১১৯:১০-১১ পদগুলি পাঠ করুন।

ক)	আপনি যেন পাপ না করেন, তার জন্য বাইবেল আপনাকে কিভাবে সাহায্য করবে?

খ)	কেন **ঈশ্বরের বাক্য** আমাদের মুখস্থ করা উচিত?

১০)	**শাস্ত্রের** কোন সত্য আপনাকে সাহায্য করেছে?

১১)	খ্রীষ্টিয়ান রূপে বৃদ্ধি পেতে বাইবেল কি আপনাকে সাহায্য করেছে? (হাঁ অথবা না)

আপনার উত্তর যদি “হাঁ” হয়, তাহলে আপনার নিজের শব্দের দ্বারা আপনি কি বর্ণনা করতে পারবেন যে এই সত্য কি?

১২) যীশুর একজন শিষ্যের উচিত প্রতিটি দিন বাইবেল পাঠ করা এবং অধ্যয়ন করা। আপনি কি নিজের শব্দের দ্বারা বলতে পারবেন, কেন এমনটি করা উচিত?

আমরা অধ্যয়ন করেছি যে কিভাবে একজন খ্রীষ্টিয়ান ঈশ্বরের থেকে শিক্ষা গ্রহণ করে। আমরা শিখেছি যে **শিষ্যদের** জন্য কেন বাইবেল গুরুত্বপূর্ণ। পরবর্তী শিক্ষায় আমরা শিখবো খ্রীষ্টিয়ান রূপে বৃদ্ধি লাভ করার আর একটি গুরুত্বপূর্ণ উপায়।

*শব্দ তালিকা*

১) **শিষ্য** (*বিশেষ্য পদ*) : একজন বিশ্বাসী; এমন একজন ব্যক্তি যে যীশু খ্রীষ্টের অনুসরণ করে; এমন একজন ব্যক্তি যে যীশুর সম্পর্কে আরও অধিক জানতে চায়; এমন একজন ব্যক্তি যে **ঈশ্বরের বাক্য** অধ্যয়ন করতে চায়।

২) **ঈশ্বর নিশ্বাসিত** (*বিশেষণ পদ*) : ঈশ্বরের থেকে আসা।

৩) **ঈশ্বরের বাক্য** : (দেখুন **ঈশ্বরের বাক্য**।)

৪) **অনুপ্রাণিত** (*বিশেষণ পদ*) : ঈশ্বরের থেকে এসেছে; চিন্তাধারা দিয়েছেন; (ঈশ্বর, তাঁর বাক্য লেখার জন্য পবিত্র ব্যক্তিদের **অনুপ্রাণিত** করেছিলেন।)

৫) **শাস্ত্র** (*নামবাচক বিশেষ্য পদ*) : ঈশ্বরের থেকে এসেছে; চিন্তাধারা দিয়েছেন; (ঈশ্বর, তাঁর বাক্য লেখার জন্য পবিত্র ব্যক্তিদের **অনুপ্রাণিত** করেছিলেন।)

৬) **তোমার বচন আমি হৃদয় মধ্যে সঞ্চয় করিয়াছি** (*ক্রিয়া পদের শব্দগুচ্ছ*) : ঈশ্বরের বাক্য বিশ্বাস করেছিলেন এবং পালন করেছিলেন; বাইবেলে ঈশ্বর কি বলেছিলেন সেগুলি শিখেছিলেন এবং বুঝতে পেরেছিলেন।

৭) **ঈশ্বরের বাক্য** (*নামবাচক বিশেষ্য পদের শব্দগুচ্ছ*) : পবিত্র বাইবেল; শাস্ত্র; ঈশ্বরের সত্য; মানুষদের প্রতি ঈশ্বর যা বলেন।

**পাঠ ৪**

## খ্রীষ্টিয়ানগণ ঈশ্বরের সঙ্গে কথা বলে

***মুখস্থ করার পদ :***

> যীশু বললেন, "এখন পর্যন্ত তোমরা আমার নামে কিছু চাওনি; চাও এবং তোমরা গ্রহণ করবে সুতরাং তোমরা আনন্দে পূর্ণ হবে।" (যোহন ১৬:২৪)

ঈশ্বরের সঙ্গে কথা বলা খ্রীষ্টিয়ানদের জন্য আবশ্যক। স্বর্গ ও পৃথিবীতে আর সকলের থেকে তিনিই হলেন অধিক শক্তিশালী। আমাদের উচিত প্রতিদিন তাঁর সঙ্গে কথা বলা। প্রতিদিন আমাদের সর্বোত্তম সময়ে তাঁর কাছে প্রার্থনা করা আমাদের উচিত। বহু মানুষ সকালের সময়টি সর্বোত্তম সময় বলে বিবেচনা করে। ঈশ্বরের সঙ্গে আমাদের কথা বলা উচিত একান্ত কোন এক স্থানে। দায়ূদ, যিনি গীতসংহিতা লিখেছেন, তিনি বলেছেন, "সদাপ্রভু, সকালে তুমি আমার রব শুনবে; সকালে আমি তোমার উদ্দেশ্যে আমার প্রার্থনা আনব এবং প্রত্যাশায় অপেক্ষা করব।" (গীতসংহিতা ৫:৩)।

প্রার্থনা সম্পর্কে বাইবেল আমাদের আর কি বলে? এই শিক্ষায় আমরা সেটি শিখবো। নিচে দেওয়া প্রশ্নগুলির আপনার নিজের কথায় উত্তরগুলি লিখুন। অথবা, বাইবেলের পদ থেকে বাইবেলের শব্দগুলি ব্যবহার করুন।

১) মার্ক ১:৩৫ পদ পাঠ করুন। যীশু কখন প্রার্থনা করেছিলেন?

২) লূক ১৮:১ পদ পাঠ করুন। যীশু কত ঘনঘন বলেছিলেন যে আমরা যেন প্রার্থনা করি?

৩) ১ থিষলনীকীয় ৫:১৭-১৮ পদ পাঠ করুন। আমরা যখন প্রার্থনা করি তখন আমাদের কি করা উচিত?

| |
|---|
| যীশু খ্রীষ্টের মাধ্যমে ঈশ্বর যা করেছেন, তার জন্য আমরা ঈশ্বরের ধন্যবাদ করি। |

৪) "যদি আমি আমার হৃদয়ের দ্বারা পাপের দিকে তাকাতাম, তবে প্রভু শুনতেন না" (গীতসংহিতা ৬৬:১৮)।

ক)	কেন কখনো কখনো প্রার্থনার উত্তর দেওয়া হয় না?

খ)	আমার হৃদয়ের মধ্যে কি পাপ রাখা উচিত? (হাঁ অথবা না)

৫)	১ যোহন ৫:১৪ পদ পাঠ করুন।

ক) এই পদ কি আমাদের বলে যে কিভাবে আমাদের প্রার্থনা করা উচিত? (হাঁ অথবা না)

খ) কিভাবে আমাদের প্রার্থনা করা উচিত?

| |
|---|
| আমাদের সেই সকল কিছু চাওয়া উচিত যেগুলি হল **ঈশ্বরের ইচ্ছা।** সকল খ্রীষ্টিয়ানদের জন্যই এটি গুরুত্বপূর্ণ। |

৬)	আমরা প্রার্থনা সম্পর্কে শিক্ষা লাভ করি যোহন লিখিত সুসমাচার থেকে।

ক)	মুখস্থ করার জন্য যোহন ১৬:২৪ পদটি পাঠ করুন। খ্রীষ্টিয়ানদের জন্য এটি কতই না এক **সৌভাগ্য**?

খ)	যীশুর নামে খ্রীষ্টিয়ানগণ কি যে কোন কিছুই চাইতে পারে? (হাঁ অথবা না)

| |
|---|
| অবশ্য, খ্রীষ্টিয়ানদের সর্বদাই প্রার্থনা করা উচিত যেন **ঈশ্বরের ইচ্ছা** পূর্ণ হয়। |

গ)	যোহন ১৪:১৩ পদ পাঠ করুন। যীশু প্রার্থনার উত্তর দেন। এটি কাকে **গৌরবান্বিত** করে?

| |
|---|
| যা কিছু করা হয়, তার জন্য আমরা ঈশ্বরের **গৌরব** করি। |

ঘ)	যোহন ১৫:৭ পদ পাঠ করুন। যীশু যেন আমাদের প্রার্থনার উত্তর দেন তার জন্য আমাদের অবশ্যই কি করতে হবে?

| |
|---|
| আমাদের অবশ্যই সর্বদাই যীশুর মধ্যে থাকার চেষ্টা করতে হবে। যীশুর জন্য জীবন যাপন করতে ঈশ্বর আমাদের সাহায্য করবেন। |

৭)  মথি ২১:২২ পদ পাঠ করুন। প্রার্থনার উত্তর পাওয়ার জন্য আমাকে অবশ্যই কি করতে হবে?

| |
|---|
| এর অর্থ এই হয় যে, আমাকে অবশ্যই ঈশ্বরের উপরে ভরসা রাখতে হবে। তাঁর উপরে আমাকে বিশ্বাস রাখতে হবে যে তিনি আমার প্রার্থনার উত্তর দেবেন। |

৮)  এই পদগুলি পাঠ করুন আর সেই সকল বিষয়ে ভেবে দেখুন যে সকল বিষয়ে আপনি প্রার্থনা করতে পারেন।

- মথি ৬:১১
- মথি ৯:৩৮
- ফিলিপীয় ১:৯
- ১ তীমথীয় ২:২
- যোহন ১:৫

৯)  মথি ২৬:৪১ পদ পাঠ করুন। আমি যখন পাপ করার জন্য প্রলোভিত হই, তখন আমার কি করা উচিত?

| |
|---|
| ঈশ্বর আমাদের সাহায্য করবেন যেন আমরা পাপ না করি। আমরা তাঁকে বলতে পারি যেন তিনি আমাদের সাহায্য করেন। |

১০)  আমরা কিভাবে প্রার্থনা করি বলে যীশু চান? (ক, খ, অথবা গ) যীশু চান যেন আমরা :

ক)  সঠিক ধর্মীয় শব্দ ব্যবহার করি।

খ)  কেবল মাত্র বাইবেলের শব্দগুলি বলি।

গ)  আমাদের হৃদয়ে আমরা কেমন অনুভব করি, সেটি তাঁকে বলি।

১১)  আপনার প্রার্থনার সময় সম্পর্কে আপনার কি একটি পরিকল্পনা আছে? (হাঁ অথবা না)

১২)  ঈশ্বরের সঙ্গে কথা বলার বিষয়ে আপনি কি করতে পারেন? প্রার্থনা করা সম্পর্কে আপনার পরিকল্পনা, একটি বাক্যের মাধ্যমে বলুন।

প্রার্থনা করা হল একটি **সৌভাগ্য**! আপনি ঈশ্বরের সঙ্গে কথা বলতে পারেন। আপনার প্রার্থনার উত্তর দিতে তাঁর ক্ষমতা আছে। ঈশ্বর আপনাকে অনেক প্রেম করেন। তিনি আপনাকে প্রতিদিন **আশীর্বাদ** করেন। তিনি বহু কিছু দিয়ে আপনাকে **আশীর্বাদ** করেন। এ ছাড়াও তিনি বহু ভাবে আপনাকে **আশীর্বাদ** করেন।

এখন, ঈশ্বরের জন্য আপনি কিছু করতে পারেন। আপনি কি করতে পারেন, সেই বিষয়ে জানার জন্য পরবর্তী শিক্ষা অধ্যয়ন করুন।

*শব্দ তালিকা*

১)  **আশীর্বাদ করা** (*ক্রিয়া পদ*): ভাল কিছু দেওয়া; বিশেষ ভাবে সাহায্য করা; খুশি করা।

২)  **গৌরব** (*বিশেষ্য পদ*): প্রশংসা, সম্মান, উপাসনা।

৩)  **সৌভাগ্য** (*বিশেষ্য পদ*): একটি বিশেষ কাজ অথবা ক্রিয়া; (প্রার্থনা হল খ্রীষ্টিয়ানদের জন্য **সৌভাগ্যগুলির** মধ্যে একটি। আমরা ঈশ্বরের সঙ্গে সেইভাবে কথা বলতে পারি, যেমন ভাবে আমরা আমাদের ঘনিষ্ঠ বন্ধুদের সঙ্গে কথা বলে থাকি। আমাদের সকল প্রয়োজনের জন্য আমরা পিতা ঈশ্বরকে বলতে পারি। এই জন্য প্রার্থনা হল খ্রীষ্টিয়ানদের জন্য একটি বিশেষ কাজ অথবা **সৌভাগ্য।**)

৪)  **ধর্মীয়** (*বিশেষণ পদ*): একটি ধর্মের অথবা মণ্ডলীর কোন কিছু বর্ণনা করা; (একটি ধর্ম অথবা একটি মণ্ডলীর বিষয়ে যখন আমরা কথা বলি, তখন আমরা ধর্মীয় শব্দাবলী ব্যবহার করে থাকি।)

৫)  **থাকা** (*ক্রিয়া পদ*): থাকা, একই স্থানে থাকা; (এই পদে **থাকা** কথাটির অর্থ হয় যীশু খ্রীষ্টে জীবন যাপন করা। খ্রীষ্টের সঙ্গে থাকবো এবং তাঁকে ত্যাগ করবো না বলে আমরা মনোনীত করি।)

৬)  **ঈশ্বরের ইচ্ছা** (*বিশেষ্য শব্দগুচ্ছ*): যেটি ঈশ্বর চান সকল মানুষের জন্য; (**ঈশ্বরের ইচ্ছাকে** ঈশ্বরেরযোজনাও বলা হয়ে থাকে।)

**পাঠ ৫**

## খ্রীষ্টিয়ানগণ ঈশ্বরের কাছে জানায়

***মুখস্থ করার পদ :***

> "অতএব তোমরা খাবার খাও, কি পান কর, কি যা কিছু কর, সবই ঈশ্বরের গৌরবার্থে কর।" (১ করিন্থীয় ১০:৩১)

আপনি কি এই প্রার্থনা করতে পারবেন?

> *হে ঈশ্বর, আমি সত্যিই তোমাকে বিশ্বাস করি। আমি বিশ্বাস করি যে তুমি আমার পরিত্রাণ করেছ। আমি তোমার জন্য আমার জ্ঞান অনুসারে যথাসম্ভব ভাল ভাবে জীবন যাপন করবো। আমি তোমাকে প্রসন্ন করতে চাই। আমি তোমার পরিচর্যা করতে চাই। আমার সকল বিষয় আমি তোমাকে **জানাতে চাই**। আমি নিজেকে তোমার কাছে **দিয়ে দিতে চাই।** যীশুর নামে এই প্রার্থনা চাই। আমেন।*

**প্রেরিত** পৌল করিন্থের খ্রীষ্টিয়ানদের উদ্দেশ্যে একটি পত্র লিখেছিলেন। তিনি তাদের সেই সকল কিছু করতে বলেছিলেন, যেগুলি ঈশ্বরকে গৌরবান্বিত করবে। মুখস্থ করা পদটি পুনরায় পাঠ করুন। আমরা যা কিছু করি সেই সকল কিছুতেই আমাদের এই প্রশ্নটি জিজ্ঞাসা করা উচিত : এটি কি ঈশ্বরকে **গৌরবান্বিত** করে?

১) মথি ২২:৩৬-৪০ পদ পাঠ করুন।

ক) আমার দ্বারা ঈশ্বরকে কতটা প্রেম করতে হবে?

খ) আমার দ্বারা আমার প্রতিবাসীকে কতটা প্রেম করতে হবে?

২) ১ যোহন ৫:২-৩ পদ পাঠ করুন। আমি কিভাবে ঈশ্বরের প্রতি আমার প্রেম প্রদর্শন করতে পারি? অন্যান্য ব্যক্তিদের প্রতি আমি কিভাবে আমার প্রেম প্রদর্শন করতে পারি?

৩) যোহন আমাদের বলেছেন ঈশ্বরকে প্রসন্ন করার জন্য জীবন যাপন করার বিষয়ে।

ক) যোহন ১২:২৪-২৫ পদ পাঠ করুন। অনেক বীজ উৎপন্ন করার জন্য গমের একটি বীজকে কি করতে হয়?

<table><tr><td>সেই গম তার নূতন বীজগুলির মধ্যে ক্রমাগত ভাবে বেঁচে থাকে। আমার উচিত যীশুর জন্য জীবন যাপন করা। কিন্তু, আমাকে অবশ্যই মৃত্যুবরণ করতে হবে জগতের প্রতি। জগতের থেকে আমাকে ফিরে আসতে হবে। আমাকে সম্পূর্ণ রূপে ঈশ্বরের বাক্য পালন করতে হবে। যীশু আমাকে জীবন দান করেন।</td></tr></table>

খ) কেন আমার উচিত যীশুর অনুসরণ করা ও তাঁর পরিচর্যা করা? (যোহন ১২:২৫)

গ) আমি যেন **স্বার্থপর** না হই। যে কোন ব্যক্তি যীশুর পরিচর্যা করে, তার প্রতি যীশুর পিতা কি করবেন বলে যীশু বলেছেন? (যোহন ১২:২৬)

৪) ২ করিন্থীয় ৫:১৭ পদ পাঠ করুন। আমি এখন একজন খ্রীষ্টিয়ান। সকল মানুষের প্রতি এবং সকল কিছুর প্রতি আমার একটি নূতন **মনোভাব** আছে। আমি এখন কার পরিবারে আছি?

<table><tr><td>আমি এখন খ্রীষ্টের। পুরাতন ব্যক্তি আর নেই। এখন যীশুতে আমি এক নূতন ব্যক্তি। আমি এখন সকল কিছু নূতন ভাবে দেখি। সকল কিছুর বিষয়ে আমার মধ্যে এখন একটি নূতন মনোভাব আছে।</td></tr></table>

৫) লূক ৬:৩৮ পদ পাঠ করুন। এখন আমি বস্তু সামগ্রী ত্যাগ করতে চাই। আমার নিজের জন্য আমি কি কি রাখতে চাই না?

৬) **প্রেরিত** পৌল, বস্তু সামগ্রী সম্পর্কে আমাদের **মনোভাবের** বিষয়ে লিখেছেন। ইফিষীয় ৪:২৮ পদ পাঠ করুন। তারপর নিচে দেওয়া তালিকাটি পাঠ করুন। তিনটি বিষয় মনোনীত করুন, সেগুলি যেন বস্তু সামগ্রী সম্পর্কে আমাদের মনোভাবকে পরিবর্তন করে দেয়। (ক, খ, গ, ঘ, ঙ, অথবা চ)

ক) আর চুরি করবো না।

খ) ভাল কর্মচারী হবো।

গ) সকল কিছু যেন আমার জন্য রাখি। যেন **স্বার্থপর** হই।

ঘ) গরিব এবং অভাবী মানুষদের সঙ্গে **ভাগ করে নেব।**

ঙ) যখন পারবো তখন চুরি করবো।

চ) অলস হয়ে থাকবো। কাজ করবো না।

| |
|---|
| আমি মানুষদের এক নূতন চোখে দেখি। অন্যান্য মানুষদের বিষয়ে আমার এক নূতন **মনোভাব** আছে। |

৭) আমি অন্যান্য ব্যক্তিদের কি দেখাই, যখন তাদের প্রতি আমি **সহানুভূতিশীল** হই? (ইফিষীয় ৪:৩২)

৮) ২ করিন্থীয় ৬:১৪ পদ পাঠ করুন। কার সঙ্গে যুক্ত হওয়া আমার উচিত নয়?

| |
|---|
| এর অর্থ এই হয় যে, তারা আমাকে পাপের দিকে পরিচালিত করুক এই সুযোগ আমি যেন তাদের না দিই। আমার নিজের প্রতি আমার এক নূতন **মনোভাব** আছে। |

৯) ১ করিন্থীয় ৬:১৯ পদ পাঠ করুন।

ক) আমার মধ্যে কে বাস করেন? তাহলে আমার শরীরের প্রতি আমাকে যত্ন নিতে হবে। আমার এমন কিছু করা উচিত নয় যেটি আমার শরীরের ক্ষতি করবে।

খ) কেন আমাকে যত্নবান হয়ে জীবন যাপন করতে হবে?

| |
|---|
| ভাল কাজ করার জন্য আমাকে প্রতিটি **সুযোগ** নিতে হবে। (ইফিষীয় ৫:১৫-১৬) |

১০) ১ যোহন ২:১০ পদ পাঠ করুন। আমাকে কাকে প্রেম করতে হবে?

| |
|---|
| এর অর্থ এই হয় যে, আমাকে সকল মানুষকে প্রেম করতে হবে। “আমার ভ্রাতা” কথাটির অন্তর্ভুক্ত আছে এই পৃথিবীর প্রতিটি মানুষ। |

১১)  ঈশ্বর সকল মানুষকে সৃষ্টি করেছেন। এখন ১ যোহন ২:১৫-১৬ পদ পাঠ করুন। কোনটিকে আমার প্রেম করা উচিত নয়?

| |
|---|
| আমি যেন **জগতের বিষয়গুলিকে** প্রেম না করি। **জগৎ** থেকে আমি যেন দূরে থাকি। অন্য সকল কিছু অপেক্ষা আমাকে অবশ্যই ঈশ্বরকে অধিক প্রেম করতে হবে। |

১২)  ১ করিন্থীয় ৬:২০ পদ পাঠ করুন। কেন ঈশ্বর চান যেন আমরা তাঁর **গৌরব** করি এবং তাঁর সম্মান করি?

| |
|---|
| আমরা "মূল্য দ্বারা ক্রীত" হয়েছি।  "মূল্য দ্বারা ক্রীত" কথাটির অর্থ হয় এই যে, যীশু মৃত্যুবরণ করেছেন পাপ থেকে আমাদের পরিত্রাণ দিতে। "মূল্য" ছিল যীশুর মৃত্যু। |

১৩)  মথি ৬:৩৩ পদ পাঠ করুন।

ক)  কোন বিষয় আমাদের সর্বাপেক্ষা অধিক খুঁজতে হবে অথবা চাইতে হবে?

খ)  এ ছাড়াও আর কোন বিষয় আমাদের খুঁজতে হবে অথবা চাইতে হবে?

| |
|---|
| ঈশ্বর আমাদের সকল প্রয়োজন পূর্ণ করবেন। |

১৪)  মার্ক ১০:২৯-৩০ পদ পাঠ করুন। খ্রীষ্টিয়ানদের উচিত যীশুর অনুসরণ করা। পরবর্তী জগতে তারা কি লাভ করবে?

১৫)  একটি বাক্যের মধ্যে আপনি কি বলতে পারবেন, আপনার জীবন আপনি কিভাবে ঈশ্বরের কাছে **দেবেন**?

এখন আমরা আরও ভাল ভাবে জানি যে কিভাবে আমাদের জীবন ঈশ্বরের জন্য **যাপন করতে হয়।** এ ছাড়াও আমাদের জীবন আমরা **যাপন করতে পারি** অন্যদের জন্য। অন্যদের প্রতি আমাদের দয়ালু ও **সহানুভূতিশীল** হতে হবে। এটি ঈশ্বরকে **গৌরবান্বিত** করবে। এ ছাড়াও আমরা অন্য মানুষদের কাছে যীশু খ্রীষ্টের বিষয়ে বলতে পারি। যীশুর কথা **বলার জন্য** আমাদের উচিত যেন আমরা প্রতিটি **সুযোগের** ব্যবহার করি। এর পর আমরা শিখবো কিভাবে যীশুকে অন্যদের কাছে **বলা** যায়।

*শব্দ তালিকা*

১) **প্রেরিত** (*নামবাচক বিশেষ্য পদ*) : প্রাথমিক খ্রীষ্টিয়ান মণ্ডলীর একজন নেতা; যীশু খ্রীষ্টের এক বিশেষ শিষ্য অথবা অনুগামী।

২) **মনোভাব** (*বিশেষ্য পদ*) : একটি ধারণা, একটি চিন্তাধারা, অথবা কোন বিষয় অথবা ব্যক্তি সম্পর্কে ধারণা; (আমরা যা করি, আমাদের **মনোভাব** সাধারণত সেটিকে নিয়ন্ত্রণ করে।)

৩) **সহানুভূতিশীল** (*বিশেষণ পদ*) : অন্যান্য ব্যক্তিদের প্রেম করা, এবং তাদের প্রয়োজন পূর্ণ করা; (দৃষ্টান্ত স্বরূপ, খ্রীষ্টিয়ানগণ যখন অভুক্ত মানুষদের আহার দেয়, তখন তারা **সহানুভূতিশীল** হয়।)

৪) **গৌরবান্বিত করা** (*ক্রিয়া পদ*) : কারও গৌরব করা, প্রশংসা করা, অথবা সম্মান করা।

৫) **সুযোগ** (*বিশেষ্য পদ*) : কোন কিছু করার একটি সুযোগ।

৬) **ধার্মিকতা** (*বিশেষ্য পদ*) : পাপ থেকে শুচি হওয়া; পবিত্র হওয়া, ন্যায্য হওয়া, এবং ঈশ্বরের সম্মুখে সঠিক হওয়া।

৭) **স্বার্থপর** (*বিশেষণ পদ*) : কেবল মাত্র নিজেকে তুষ্ট করার জন্য বেঁচে থাকা; অন্যান্য ব্যক্তিদের বিষয়ে না ভাবা, কেবল মাত্র আমার নিজের বিষয়ে ভাবা।

৮) **ভাগ করে নেওয়া** (*ক্রিয়া পদ*) : আমার যা কিছু আছে সেগুলি অন্যদের এবং ঈশ্বরকে দিয়ে দেওয়া।

৯) **এই জগৎ** (*বিশেষ্য শব্দগুচ্ছ* ) : যীশু খ্রীষ্টের অনুসরণ করা থেকে আমাকে বিরত রাখে এমন যা কিছু অথবা যে কোন ব্যক্তি; (**এই জগৎ** কথাটির অন্তর্ভুক্ত থাকে সেই সকল মন্দ অভ্যাসগুলি, যেগুলি আমাদের শরীরের ক্ষতি করে। এর অন্তর্ভুক্ত থাকে সেই সকল **মনোভাব**, যেগুলি আমাদের অন্যায় পথে কাজ করায়। এর অন্তর্ভুক্ত থাকে সেই সকল

ব্যক্তি যারা আমাদের পাপ করার জন্য প্রলোভিত করে। **এই জগৎ** কথাটির অন্তর্ভুক্ত থাকে যে কোন কিছু, যেগুলি ঈশ্বরকে ভুলে যেতে আমাদের সাহায্য করে। )

**পাঠ ৬**

## খ্রীষ্টিয়ানগণ ঈশ্বরের হয়ে কথা বলে

***মুখস্থ করার পদ :***

> “তিনি তাঁদের বললেন, “আমার সঙ্গে এস। আমি তোমাদের মানুষ ধরা শেখাব” (মথি ৪:১৯)।

একজন লোকের এক বন্ধু ছিল, যে খুব অসুস্থ ছিল। পরে, সেই লোকটি তার বন্ধুর সঙ্গে দেখা করেছিল। তার বন্ধু সুস্থ হয়ে গিয়েছিল। সেই বন্ধু বলেছিল, “আমি একজন চিকিৎসককে পেয়েছিলাম, যিনি আমাকে সুস্থ করেছেন।” লোকটি তার বন্ধুকে  জিজ্ঞাসা করলো, “সেই চিকিৎসকের নাম কি?” বন্ধু উত্তর করলো, “সেই চিকিৎসকের নাম আমি তোমাকে বলবো না।” লোকটি দুঃখী হয়ে চলে গিয়েছিল। সেও এই চিকিৎসকের কাছে যেতে চেয়েছিল।

এটি কেবল একটি গল্প মাত্র। কিন্তু এই গল্পটি কোন কোন খ্রীষ্টিয়ানদের বিষয়ে আমাদের মনে করিয়ে দেয়। কখনো কখনো খ্রীষ্টিয়ানগণ যীশু খ্রীষ্টের বিষয়ে অন্যদের বলে না। যীশু সকল মানুষকেই সাহায্য করতে পারেন। তিনি পাপ থেকে তাদের আরোগ্য করতে পারেন। খ্রীষ্টিয়ানদের উচিত যেন তারা যীশুর বিষয়ে অন্যান্য মানুষদের বলে। একজন সাক্ষী বলে যে তার জন্য যীশু কি করেছেন।

১) লুক ৮:৩৯ পদ পাঠ করুন। যীশু খ্রীষ্ট একজন মানুষকে আরোগ্য করেছিলেন, যার মধ্যে মন্দ আত্মা ছিল। এই ব্যক্তিটি একজন ভাল সাক্ষী হয়েছিল। সে সমগ্র শহরে গিয়েছিল। সেই ব্যক্তিটি যীশুর সম্পর্কে কি বলেছিল?

২) যোহন লিখিত সুসমাচার আমাদের শিক্ষা দেয় যে, কিভাবে সাক্ষ্য দিতে হয়। যোহন ৩:৩২ পদ পাঠ করুন। তারপর সর্বোত্তম উত্তরটি চিহ্নিত করুন (ক, খ, অথবা গ)। সাক্ষ্য অথবা সাক্ষ্য দেওয়ার অর্থ হয় একথা বলা যে :

ক) পুস্তকগুলি থেকে আপনি কি শেখেন।

খ) কেউ আপনাকে কি বলে।

গ) আপনি নিজে কি দেখেন এবং শোনেন।

৩) যোহন ১:৪০-৪১ পদ পাঠ করুন।

ক) আন্দ্রিয় তাঁর ভ্রাতাকে পেয়েছিলেন। তাঁর ভ্রাতার নাম কি ছিল?

খ) আন্দ্রিয়, পিতরকে বলেছিলেন, “আমরা **মশীহের** দেখা পেয়েছি।” কে তাঁর ভ্রাতাকে যীশুর কাছে নিয়ে গিয়েছিলেন?

| |
|---|
| আন্দ্রিয় একজন **সাক্ষী** হয়েছিলেন। তিনি **এক মনুষ্যধারী হয়েছিলেন।** |

৪) যোহন ৬:২৮-২৯ পদ পাঠ করুন। আপনি কি যীশু খ্রীষ্টকে, **মশীহকে** বিশ্বাস করেন? (হাঁ অথবা না)

| |
|---|
| ঈশ্বর চান যেন আমরা এমনটি করি। এই হল ঈশ্বরের কাজ (যোহন ৬:২৮-২৯) |

৫) যোহন ১৫:১৬ পদ পাঠ করুন।

ক) খ্রীষ্টিয়ানগণ কি উৎপন্ন করুক অথবা ধারণ করুন বলে ঈশ্বর চান?

খ) আমরা কখন **ফল উৎপন্ন করি**?

| |
|---|
| আমরা তখন **ফল ধারণ করি**, যখন আমরা **মনুষ্যধারী** হই। |

৬) আপনি একজন মনুষ্যধারী হতে পারেন ও ফল উৎপন্ন করতে পারেন।

ক) সব থেকে বড় বিষয়টি কি, যেটি আপনার প্রতি ঘটেছে?

খ) একটি বাক্যে আপনি কি আপনার উত্তর লিখতে পারবেন?

গ) এই বিষয়ে আপনি কি কাউকে বলেছেন? (হাঁ অথবা না)

ঘ) খ্রীষ্টিয়ানগণ কিভাবে অন্যদের প্রতি সর্বাপেক্ষা দয়ালু হতে পারে?

| |
|---|
| এই হল একটি উপায়, যার মাধ্যমে খ্রীষ্টিয়ানগণ **ফল উৎপন্ন করতে** পারে। |

৭) মথি ২৮:১৮-১৯ পদ পাঠ করুন। কাদের শিষ্য করার জন্য যীশু আমাদের বলেছেন?

| |
|---|
| তারপর তাদেরকে আমাদের **বাপ্তাইজিত** করতে হবে। **বাপ্তিস্ম** হল সাক্ষ্য দেওয়ার একটি পথ। **বাপ্তিস্ম** অন্য মানুষদের দেখায় যে আমরা খ্রীষ্টিয়ান। |

৮) প্রেরিত ৮:১২ এবং ৮:৩৫-৩৮ পদ পাঠ করুন।

ক) প্রাথমিক খ্রীষ্টিয়ানগণ কখন বাপ্তাইজিত হয়েছিল?

| |
|---|
| এটি দেখিয়েছিল যে, তারা যীশুকে, **মশীহকে** বিশ্বাস করেছিল। |

খ) আপনি কি বাপ্তাইজিত হয়েছেন? (হ্যাঁ অথবা না)

গ) যদি না হয়ে থাকেন, তাহলে কি আপনি হওয়ার বিষয়ে ভাবছেন? (হ্যাঁ অথবা না)

৯) মুখস্থ করা পদটি পাঠ করুন। (মথি ৪:১৯) যীশু আমাদের কি করবেন বলে বলেছিলেন?

১০) যীশুর বিষয়ে সাক্ষ্য দেওয়ার জন্য আমাদের প্রস্তুত হওয়া উচিত। (১ পিতর ৩:১৫) কি দেওয়ার জন্য আমাকে সর্বদাই প্রস্তুত থাকতে হবে?

| |
|---|
| আমার বিশ্বাস সম্পর্কে প্রশ্নাবলীর উত্তর দিতে আমাকে অবশ্যই প্রস্তুত থাকতে হবে। ঈশ্বরের সাক্ষ্য দেওয়ার জন্য আমাকে অবশ্যই প্রস্তুত থাকতে হবে। |

১১) প্রেরিত ১৭:১৬-১৭ এবং ২০:২০ পদগুলি পাঠ করুন। কোন প্রেরিত সমাজ-গৃহে এবং বাজারে মানুষদের সঙ্গে সাক্ষাৎ করেছিলেন?

| |
|---|
| আজ, আপনাকে আরও প্রস্তুত থাকতে হবে যে কোন স্থানে সাক্ষ্য দেওয়ার জন্য। |

১২) যোহন ১৪:৬ পদ পাঠ করুন।

ক) যীশু খ্রীষ্টের বিষয়ে কেন আমাদের সাক্ষ্য দেওয়া উচিত?

খ) যীশু কে, সেই বিষয়ে তিনি কি বলেছেন?

| |
|---|
| যীশুর মধ্যে দিয়ে না গেলে কেউই পিতার কাছে যেতে পারে না। যীশুই হলেন একমাত্র পথ, যার মাধ্যমে আমরা অনন্ত জীবন লাভ করি। |

১৩) আমি যীশু খ্রীষ্টের সাক্ষ্য দিতে পারি। যে ব্যক্তি যীশুকে জানে না তাকে আমার কি বলা উচিত? নিচে দেওয়া উত্তরগুলির মধ্যে কোনটি? (ক, খ, গ, ঘ, অথবা ঙ)

ক) পাপের বেতন হল মৃত্যু। কিন্তু আমাদের জন্য ঈশ্বরের বিনা মূল্যে দেওয়া দান হল অনন্ত জীবন (রোমীয় ৬:২৩)।

খ) সকল মানুষ পাপ করেছে (রোমীয় ৩:২৩)।

গ) যিশাইয় ৫৩:৬ পদ বলে, " আমরা সবাই মেষের মত বিপথে গিয়েছি; আমরা প্রত্যেকে নিজেদের পথের দিকে ফিরেছি এবং সদাপ্রভু আমাদের সবার অন্যায় তাঁর ওপরে দিয়েছেন।" এর অর্থ এই হয় যে, আমাদের পাপের জন্য যীশু আমাদের হয়ে মৃত্যুবরণ করেছেন।

ঘ) যারা যীশুকে, মশীহকে বিশ্বাস করে, তারা সকলেই হয় ঈশ্বরের সন্তান। (যোহন ১:১২)

ঙ) আমাদের এই সকল মানুষদের বলতে হবে (সকল ক, খ, গ, এবং ঘ আবশ্যক)।

১৪) প্রেরিত ১৪:২১-২২ পদ পাঠ করুন।

ক) আমরা কিভাবে নূতন খ্রীষ্টিয়ানদের সাহায্য করতে পারি?

খ) আমরা কি তাদের আরও অধিক সুদৃঢ় খ্রীষ্টিয়ান হতে সাহায্য করতে পারি? (হাঁ অথবা না)

গ) তারা যেন ঈশ্বরের প্রতি তাদের বিশ্বাসে স্থির থাকতে পারে, তার জন্য আমরা কি তাদের **উৎসাহ** দিতে পারি। (হাঁ অথবা না)

১৫)	আপনার কাছে একটি সাক্ষ্য আছে। খ্রীষ্টিয়ানদের **সাক্ষ্যের** মধ্যে তাদের তিনটি বিষয় অন্তর্ভুক্ত করা উচিত :

- একজন খ্রীষ্টিয়ান হওয়ার পূর্বে আমি কি ছিলাম।
- কিভাবে আমি একজন খ্রীষ্টিয়ান হয়ে গেলাম।
- আমার কাছে যীশুর অর্থ কি।
- কিভাবে যীশু আমার বন্ধু।

ক)	আপনি কি ছোট এমন একটি **সাক্ষ্য** লিখতে পারেন, যেটি আপনি এক বন্ধুকে বলতে পারবেন?

খ)	আপনি কি এমন কিছু মানুষদের জানেন যারা খ্রীষ্টিয়ান নয়? (হাঁ অথবা না)

গ)	তাদের মধ্যে থেকে আপনি কি তিন জনের নাম লিখতে পারবেন?

| |
|---|
| তারা পরিবারের সদস্য অথবা বন্ধু হতে পারে। তারা প্রতিবাসী অথবা কর্মক্ষেত্রের মানুষ হতে পারে। |

ঘ)	সেই সকল মানুষদের জন্য আপনি কি প্রার্থনা করবেন? (হাঁ অথবা না)

ঙ)	তাদের কাছে আপনি কি সাক্ষ্য দেবেন? তাদের কাছে আপনি আপনার **সাক্ষ্য** দেবেন? তাদের কি **উৎসাহ** দেবেন? আপনি কি তাদের বন্ধু হবেন? (হাঁ অথবা না)

আপনি অধ্যয়ন করেছেন যে, সকল খ্রীষ্টিয়ানদের উচিত সাক্ষ্য দেওয়া। কিন্তু হয়তো আপনি **সাক্ষ্য** দিতে ভয় পান। আপনি যখন ভয় পান তখন কে আপনাকে সাহায্য করবেন? কে আপনাকে কথা বলার শক্তি দেবেন? আপনার জন্য পরবর্তী অধ্যয়ন এই সকল প্রশ্নের উত্তর দেবে।

*শব্দ তালিকা*

১) **বাপ্তিস্ম** (*বিশেষ্য পদ*) : নূতন খ্রীষ্টিয়ানের জন্য জল ব্যবহার করে একটি বিশেষ কাজ অথবা অনুষ্ঠান করা। (**বাপ্তিস্ম** দেখায় যে সেই ব্যক্তি যীশুকে মুক্তিদাতা রূপে বিশ্বাস করে। **বাপ্তিস্মে** সেই ব্যক্তিরা মনোনীত করতে পারে যে তাদের জলের মধ্যে অবগাহন দেওয়া হোক। অথবা তারা মনোনীত করতে পারে যে তাদের উপরে জল ঢেলে দেওয়া হোক অথবা তাদের উপরে জল ছিটিয়ে দেওয়া হোক।)

২) **বাপ্তাইজিত করা** (*ক্রিয়া পদ*) : একটি বিশেষ কাজ অথবা অনুষ্ঠানের দ্বারা নূতন খ্রীষ্টিয়ানদের উপরে জল ব্যবহার করা। (দেখুন **বাপ্তিস্ম**।)

৩) **ফল ধারণ করা** (*ক্রিয়া পদের শব্দগুচ্ছ* ) : যীশুকে মুক্তিদাতা রূপে জানতে এবং গ্রহণ করতে অন্যান্য মানুষদের সাহায্য করুন; যীশুতে বিশ্বাসী ব্যক্তিদের উৎপন্ন করুন অথবা তৈরি করুন।

৪) **উৎসাহ দেওয়া** (*ক্রিয়া পদ*) : কেউ যেন আত্মায় ভাল বোধ করে তার জন্য শব্দ অথবা কাজ ব্যবহার করা; প্রত্যাশা দেওয়া; কাউকে সাহায্য করা এবং পথ দেখানো।

৫) **মনুষ্যধারী** (*বিশেষ্য শব্দগুচ্ছ*): যে সকল মানুষরা যীশু খ্রীষ্টের সাক্ষ্য দেয়; সেই সকল মানুষ, যারা যীশুকে জানতে অন্যান্য মানুষদের সাহায্য করে।

৬) **মনুষ্যধারী হওয়া** (*ক্রিয়া পদ শব্দগুচ্ছ*): যীশু খ্রীষ্টের জন্য সাক্ষ্য দেওয়া; যীশু খ্রীষ্টের বিষয়ে জানতে অন্যদের সাহায্য করা।

৭) **মশীহ** (*নামবাচক বিশেষ্য পদ*): যীশু খ্রীষ্ট; মুক্তিদাতা হওয়ার জন্য যাকে ঈশ্বর এই পৃথিবীতে পাঠিয়েছিলেন।

৮) **সমাজ-গৃহ** (*বিশেষ্য পদ*): যিহূদীদের দ্বারা উপাসনা করার জন্য একটি মণ্ডলী অথবা একটি স্থান।

৯) **সাক্ষ্য** (*বিশেষ্য পদ*): সেই সকল শব্দ, যেগুলি বলে যে একজন ব্যক্তির কাছে যীশুর অর্থ কি হয়; (প্রায়ই একজন ব্যক্তি মণ্ডলীতে তার **সাক্ষ্য** দিয়ে থাকে।)

১০) **সাক্ষ্য দেওয়া** (*ক্রিয়া পদ*): আপনার জন্য যীশু কি করেছেন সেই কথা বলা; **সাক্ষ্য দেওয়া** যে যীশু হলেন মুক্তিদাতা।

৯) **সাক্ষী** (*বিশেষ্য পদ*): একজন ব্যক্তি যে বলে যে যীশু তাদের জন্য কি করেছেন।

**পাঠ ৭**

# খ্রীষ্টিয়ানদের জন্য আবশ্যক যেন তারা পবিত্র আত্মায় পূর্ণ হয়

***মুখস্থ করার পদ :***

“কিন্তু **আত্মাতে** পরিপূর্ণ হও” (ইফিষীয় ৫:১৮)

একজন খ্রীষ্টিয়ান হয়তো বলতে পারে ; “ঈশ্বরের জন্য আমি আরও অধিক করতে চাই। কিন্তু আমি দুর্বল। আমার অধিক শক্তির প্রয়োজন। তারপর আমি ঈশ্বরের জন্য অধিক করতে পারবো।” এই প্রয়োজনের কেবল একটি মাত্র উত্তর আছে। খ্রীষ্টিয়ানকে **পবিত্র আত্মায়** পূর্ণ হতে হবে। প্রেরিত পৌল বললেন, “কিন্তু **আত্মাতে** পরিপূর্ণ হও” (ইফিষীয় ৫:১৮)।

১) যীশু খ্রীষ্ট তাঁর শিষ্যদের শিক্ষা দিয়েছিলেন। তিনি **পবিত্র আত্মার** বিষয়ে তাঁদের বলেছিলেন। যীশু যা শিক্ষা দিয়েছিলেন, সেগুলির কিছু কিছু যোহন লিখেছেন। যোহন ৭:৩৮-৩৯ পদ পাঠ করুন। একজন খ্রীষ্টিয়ান কাকে গ্রহণ করে বলে যীশু বলেছিলেন?

| |
|---|
| একজন খ্রীষ্টিয়ানের জীবনে **পবিত্র আত্মা** আসেন। |

২) যোহন ১৪:২৬ পদ পাঠ করুন। আমাদের কে শিক্ষা দেবেন?

| |
|---|
| পবিত্র আত্মা হলেন এক **পরামর্শদাতা।** একজন **পরামর্শদাতা** হলেন একজন ব্যক্তি যিনি আমাদের কথা শোনেন। তিনি এক সহায়কের ন্যায়। আমাদের সমস্যায় তিনি আমাদের সাহায্য করেন। **পবিত্র আত্মা** হলেন ঈশ্বরের থেকে আসা **পরামর্শদাতা।** |

৩) যোহন ১৫:২৬ পদ পাঠ করুন। **পবিত্র আত্মা** হলেন সত্যের **আত্মা।** এর অর্থ কি এই হয় যে তিনি মিথ্যা বলতে পারেন না? (হাঁ অথবা না)

৪) তিনি কার বিষয়ে বলেন?

| |
|---|
| যোহন ৩:৩-৫ পদ পাঠ করুন। **পবিত্র আত্মা** কাজ করেন মানুষের হৃদয়ে। তিনি আমাদের সঙ্গে কাজ করেন যখন আমরা **পুনরায় জন্মগ্রহণ করি।** আর তিনি আমাদের সঙ্গে কাজ করেন যখন আমরা জল ও আত্মায় জন্মগ্রহণ করি। |

৫) প্রেরিত ১:৮ পদ পাঠ করুন। **পবিত্র আত্মা** কি করার জন্য শিষ্যদের শক্তি দিয়েছিলেন?

৬) প্রেরিত ৯:১৭ পদ পাঠ করুন। শৌল [প্রেরিত পৌল] যীশু খ্রীষ্টকে মুক্তিদাতা রূপে গ্রহণ করেছিলেন। তখন কে শৌলকে বলেছিলেন “পবিত্র আত্মায় পরিপূর্ণ হও”?

৭) ১ করিন্থীয় ৩:১ এবং ৩:৩ পদ পাঠ করুন। করিন্থের মণ্ডলীতে খ্রীষ্টিয়ানদের বহু সমস্যা ছিল। সেই সমস্যাগুলি তাদের **পবিত্র আত্মায়** পরিপূর্ণ হতে দিত না। তারা অন্যান্য মানুষদের মতো ছিল না। তারা কথার দ্বারা পরস্পরের সঙ্গে ঝগড়া করতো। পরস্পরের প্রতি তাদের সঠিক মনোভাব ছিল না। এটি তাদের বিষয়ে কি প্রদর্শন করছিল?

৮) ১ পিতর ১:২ পদ পাঠ করুন। **পবিত্র আত্মা** এক বিশেষ পদ্ধতিতে খ্রীষ্টিয়ানদের মধ্যে কাজ করেন। **পবিত্র আত্মা** সেই সকল কিছু দূর করে দেন, যেগুলি আমাদের শুদ্ধ অথবা শুচি হওয়া থেকে আটকে রাখে। তখন আমরা ঈশ্বরকে প্রসন্ন করার জন্য জীবন যাপন করি। এই বিশেষ কাজকে পিতর “**পবিত্র আত্মার পবিত্রীকরণ** কাজ” বলে অভিহিত করেছেন। যীশু খ্রীষ্ট কিভাবে এটিকে সম্ভবপর করেছিলেন?

৯) যোহন ১৭:১৭ পদ পাঠ করুন।

ক) শিষ্যদের জন্য যীশু খ্রীষ্ট কি প্রার্থনা করেছিলেন?

| |
|---|
| যীশু প্রার্থনা করেছিলেন, ঈশ্বর যেন সত্যের দ্বারা তাঁদের **পবিত্র করেন।** |

খ) যীশু আপনার জন্য কি এই প্রার্থনা করেছেন? যদি তিনি এই প্রার্থনা করেছেন, তাহলে প্রার্থনাটি লিখুন, কিন্তু সেখানে আপনার নাম লিখুন।

১০) প্রেরিত ১৫:৮-৯ পদ পাঠ করুন। **শুচি করিয়াছেন** কথাটির অর্থ হয় পাপ থেকে শুচি করা। ঈশ্বর প্রাথমিক খ্রীষ্টিয়ানদের **পবিত্র আত্মা** দিয়েছিলেন। **পবিত্র আত্মা** কি দিয়ে তাঁদের হৃদয় শুচি করেছিলেন?

১১) ১ থিষলনীকীয় ৫:২৩ পদ পাঠ করুন। এটি সকল খ্রীষ্টিয়ানদের জন্য একটি প্রার্থনা। পৌল যে প্রার্থনা করলেন, সেটি সকল খ্রীষ্টিয়ানদের সম্পূর্ণ রূপে **পবিত্রীকরণ** করে। এর

অর্থ এই হয় যে, ঈশ্বর সামগ্রিক ভাবে **পবিত্রীকরণ** করবেন অথবা সম্পূর্ণ রূপে আমাদের **পবিত্রীকরণ** করেন। আমাদের হৃদয়ে এবং জীবনে কে আমাদের পবিত্র করবেন?

১২) পৌল বলেছেন, "প্রিয়তমেরা, যখন এই সব প্রতিজ্ঞা আমাদের জন্য করা হয়েছে তখন এস, আমরা দেহের ও আত্মার সব অশুচিতা থেকে নিজেদেরকে শুচি করি, যেমন আমরা ঈশ্বরের ভয়ে পবিত্রতার পথ অনুসরণ করি।" (২ করিন্থীয় ৭:১)। নিম্নলিখিত বাক্যগুলির মধ্যে কোনটি এই পদের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হয় না? (ক, খ, গ, অথবা ঘ)

ক) আমাদের সেই সকল কাজ করা বন্ধ করা উচিত, যেগুলি আমাদের শরীরের হানী করে।

খ) এই জীবনে আমরা কখনোই পবিত্রীকৃত হতে পারি না।

গ) আমাদের অবশ্যই চেষ্টা করতে হবে যীশু খ্রীষ্টের ন্যায় জীবন যাপন করতে। আমাদের যথাসম্ভব পবিত্র হতে হবে।

ঘ) অশুচি কাজ, চিন্তাধারা, এবং মানভাব আমাদের ত্যাগ করতে হবে।

১৩) রোমীয় ৮:২ পদ পাঠ করুন। জীবন সম্পর্কে পবিত্র আত্মার ব্যবস্থা আমাদের স্বাধীন করে দেয়। কিসের থেকে আমাদের মুক্ত করা হয়?

১৪) ১ করিন্থীয় ১৩:১৩ পদ পাঠ করুন। খ্রীষ্টিয়ানদের জন্য আবশ্যক, বিশ্বাস, প্রত্যাশা, এবং প্রেম প্রদর্শন করা। এই তিনটির মধ্যে শ্রেষ্ঠ কোনটি?

১৫) রোমীয় ৫:৫ পদ পাঠ করুন। কিসের দ্বারা ঈশ্বরের প্রেম আমাদের কাছে আসে?

১৬) রোমীয় ৮:৪ পদ পাঠ করুন। **পবিত্রীকৃত** খ্রীষ্টিয়ানগণ **পবিত্র আত্মায়** পূর্ণ হয়। এখন তারা আর **মাংসের বশে** চলতে চায় না। এর পরিবর্তে তারা কিসের বশে চলতে চায়?

তখন **মাংসের অভিলাষ** তাদের জীবনশৈলীকে নিয়ন্ত্রণ করে না। তাদের হৃদয় **পবিত্রীকৃত** করা হয়েছে। **পবিত্র আত্মা** তাদের এক নূতন জীবনশৈলী দেন। ঈশ্বরের আজ্ঞা পালন করার শক্তি তিনি তাদের দেন।

**পবিত্র আত্মা** খ্রীষ্টিয়ানদের মধ্যে বিভিন্ন ভাবে কাজ করে থাকেন। পবিত্র আত্মা পাপ থেকে তাদের জীবনকে শুচি করেন। তিনি **মাংসের বশে** চলতে থাকা মানুষদের হৃদয়কে শুচি করেন। পবিত্র জীবন যাপন করার জন্য তিনি তাদের শক্তি প্রদান করেন। ঈশ্বরের সাক্ষ্য দেওয়ার জন্য তিনি তাদের সাহায্য করেন। কিন্তু প্রথম, খ্রীষ্টিয়ানদের কিছু একটা করতে হবে। তাদের অবশ্যই **পবিত্র আত্মাকে** বলতে হবে যেন তিনি তাদের জীবনকে পূর্ণ করেন। তাদের অবশ্যই নিজেদেরকে সম্পূর্ণ রূপে ঈশ্বরের কাছে দিয়ে দিতে হবে।

১৭) আপনি এবং পবিত্র আত্মা।

ক) পবিত্র আত্মার পূর্ণতার জন্য আপনি কি প্রার্থনা করেছেন? (হাঁ অথবা না)

খ) পবিত্র আত্মা কি এসেছেন আপনার জীবন পূর্ণ করার জন্য? (হাঁ অথবা না)

গ) যদি না এসে থাকেন, তাহলে আপনি কি এই বিষয়ে ভাবছেন? (হাঁ অথবা না)

১৮) আপনি কি চাইবেন যে **পবিত্র আত্মা** আপনার জীবনকে পূর্ণ করুন? যদি চান, তাহলে এখানে চারটি বিষয় বলা হল, যেগুলি আপনার করা উচিত :

- ঈশ্বরকে বলুন যেন তিনি আপনার জীবন **পবিত্র আত্মায়** পূর্ণ করেন। (লূক ১১:১৩)
- আপনার সম্পূর্ণ জীবন ঈশ্বরকে দিয়ে দিন। (রোমীয় ১২:১-২)
- ঈশ্বরকে বলুন যে আপনার ভিতরটা শুচি ও শুদ্ধ করার প্রয়োজন আছে। (প্রেরিত ১৫:৮-৯)
- বিশ্বাসের একটি কাজ দ্বারা **পবিত্র আত্মাকে** গ্রহণ করুন। ঈশ্বরকে বিশ্বাস করুন যে তিনি আপনাকে **পবিত্র** করবেন। তিনি যে সকল প্রতিজ্ঞা করেছেন সেই সকল বিষয়ে তাঁর উপরে ভরসা রাখুন। (১ থিষলনীকীয় ৫:২৩-২৪)

*শব্দ তালিকা*

১) **নতুনজন্ম লাভ করা** (*বিশেষণ শব্দগুচ্ছ*) : একজন খ্রীষ্টিয়ানকে অথবা এক বিশ্বাসীকে বর্ণনা করে; এমন এক ব্যক্তি যে পাপের থেকে মুক্ত হয়েছে।

২) **পরামর্শ দাতা** (*বিশেষ্য পদ*): একজন ব্যক্তি যিনি মানুষের কথা শোনেন, সমস্যায় তাদের সাহায্য করেন; **পরামর্শ দাতা** (*নামবাচক বিশেষ্য পদ*); **পবিত্র আত্মা**; **ঈশ্বরের আত্মা**; (আমাদের **পরামর্শ দাতা** রূপে **পবিত্র আত্মা** আমাদের সাহায্য করেন। সকল খ্রীষ্টিয়ানদের জন্য তিনি হলেন এক বিশেষ সহায়ক।)

৩) **পবিত্র আত্মা; ঈশ্বরের আত্মা; আত্মা** (*নামবাচক বিশেষ্য পদ*): ঈশ্বরের তিন ব্যক্তির মধ্যে তৃতীয় ব্যক্তি; **পরামর্শ দাতা**; সহায়ক; (ঈশ্বর হলেন তিন ব্যক্তির দ্বারা গঠিত ঈশ্বর : পিতা, পুত্র, এবং **পবিত্র আত্মা। পবিত্র আত্মা** এই জগতে ক্রমাগত ভাবে যীশুর কাজ করে থাকেন। ঈশ্বরকে জানার জন্য **পবিত্র আত্মা** আমাদের উৎসাহ প্রদান করেন।)

৪) **পবিত্রীকৃত** (*ক্রিয়া পদ*): পাপ থেকে শুচি ও শুদ্ধ করা হয়; হৃদয়ে কোন পাপ না থাকা; (**পবিত্র আত্মার** দ্বারা আমাদের হৃদয় ও জীবন **পবিত্রীকৃত** করা হয়।)

৫) **পবিত্রীকৃত করা; পবিত্রীকৃত করতে থাকা** (*ক্রিয়া পদ*): শুচি ও শুদ্ধ করা; ধর্মীয় কারণে পৃথক করে রাখা; পাপ থেকে পৃথক করে রাখা এবং ঈশ্বরকে দিয়ে দেওয়া।

৬) **মাংসিক প্রকৃতি** (*বিশেষ্য শব্দগুচ্ছ*): একজন ব্যক্তির আভ্যন্তরীণ ব্যক্তিত্ব, যেটি তাকে পরিচালিত করে পাপ করার দিকে এবং ঈশ্বরের অবাধ্য হওয়ার দিকে।

পাঠ ৮

## খ্রীষ্টিয়ানগণ ঈশ্বরের পরিবারে সম্মিলিত হয়

***মুখস্থ করার পদ :***

> “এবং আমরা চার্চ সভায় একত্র হওয়া পরিত্যাগ না করি যেমন কারো কারো সেই রকম অভ্যাস আছে বরং পরস্পরকে চেতনা দিই; আর আমরা তার আগমনের দিন যত বেশি কাছাকাছি হতে দেখছি, ততই যেন বেশি এ বিষয়ে আগ্রহী হই।” (ইব্রীয় ১০:২৫)।

সকল খ্রীষ্টিয়ানগণ হল ঈশ্বরের পরিবারের অংশ। ঈশ্বর হলেন আমাদের স্বর্গস্থ পিতা। খ্রীষ্টিয়ানগণ হল ঈশ্বরের পরিবারে ভ্রাতা ও ভগিনী। এই পরিবারকে বলা হয় **মণ্ডলী।** আপনার নূতন পরিবারকে প্রচুর প্রেম প্রদর্শন করা নিশ্চিত করুন।

১) বাইবেল সেই সকল ব্যক্তিদের বিষয়ে বলে, যারা যীশু খ্রীষ্টের অনুসরণ করে। প্রেরিত ১১:২৬ পদ পাঠ করুন। কোন কোন মানুষ যীশুকে বিশ্বাস করে?

২) ১ করিন্থীয় ১২:২৭ পদ পাঠ করুন। মণ্ডলীকে কি বলা হয়?

| |
|---|
| আমাদের দেহের অঙ্গগুলি একত্রে কাজ করে। খ্রীষ্টের দেহ রূপে **মণ্ডলীকে** একত্রে কাজ করা উচিত। |

৩) ইফিষীয় ৫:২৩ পদ পাঠ করুন। **মণ্ডলীর** মস্তক কে?

| |
|---|
| “মস্তক” কথাটির অর্থ হয় নেতা। |

৪) ইফিষীয় ৫:২৫ পদ পাঠ করুন। যীশু খ্রীষ্টের কাছে **মণ্ডলী** ছিল গুরুত্বপূর্ণ। যীশু কেন ক্রুশে মৃত্যুবরণ করেছিলেন?

৫) ইফিষীয় ৫:২৪ পদ বলে যে **মণ্ডলী** খ্রীষ্টের **বশীভূত হয়ে থাকে। বশীভূত থাকে** কথাটির অর্থ হয় আজ্ঞা পালন করে। তাঁর **মণ্ডলীর** একটি অংশ হতে হলে, আমাকে কার আজ্ঞা পালন করতে হবে?

৬)　১ করিন্থীয় ৪:১৭ পদ পাঠ করুন। খ্রীষ্টের বিষয়ে পৌল কোথায় শিক্ষা দিয়েছিলেন?

৭)　যোহন লিখিত সুসমাচারে **মণ্ডলীর** বিষয়ে কিছু সত্য আছে। যোহন ১৩:৩৫ পদ পাঠ করুন। মানুষ কিভাবে জানতে পারবে যে আপনি **মণ্ডলীতে** আছেন?

৮)　যোহন ২১:১৬ পদ পাঠ করুন। একজন **পালককে** তাঁর মেষদের জন্য কি করতে হবে?

| |
|---|
| **পালককে** আমরা কখনো কখনো মেষদের মেষপালক বলে থাকি। এর অর্থ এই হয় যে **পালক** হল **মণ্ডলীর** নেতা। |

৯)　খ্রীষ্টিয়ানগণ বিশেষ ভাবে যীশু খ্রীষ্টকে স্মরণে রাখেন। ১ করিন্থীয় ১১:২৩-২৬ পদ পাঠ করুন। এই পদগুলি হল **প্রভুর ভোজের** বিষয়ে। **প্রভুর ভোজ** হল সেই সকল মানুষদের জন্য যারা খ্রীষ্টিয়ান। **পরিত্রাণের** জন্য তারা যীশুকে বিশ্বাস করেছে। **প্রভুর ভোজের** বিষয়ে নিম্নলিখিতগুলির মধ্যে কোনটি আমাদের স্মরণে রাখা উচিত? (ক, খ, গ, অথবা ঘ)

ক)　আমরা যীশুর যাতনাভোগ ও মৃত্যু স্মরণ করি।

খ)　আমরা স্মরণ করি যে আমাদের পাপের জন্য যীশু মৃত্যুবরণ করেছিলেন।

গ)　আমরা স্মরণ করি যে যীশু এই পৃথিবীতে পুনরায় আসবেন।

ঘ)　এই সকল কিছুই আমাদের স্মরণে রাখা উচিত (ক, খ, গ, এই তিনটিই আমাদের স্মরণে রাখা উচিত)।

১০)　গালাতীয় ৬:২ পদ পাঠ করুন। আমার **মণ্ডলীতে** আমি অন্যান্য মানুষদের কিভাবে সাহায্য করতে পারি?

১১)　১ করিন্থীয় ১২:৪ এবং ৭ পদগুলি পাঠ করুন। কে মানুষদের বিশেষ অনুগ্রহ দান দেন? তাহলে, **মণ্ডলীর** সকল ব্যক্তি সাহায্য লাভ করতে পারে।

১২) কোন কোন **মণ্ডলী** দৃঢ় হয় আর প্রেম পূর্ণ হয়। কোন কোন **মণ্ডলী** আবার তেমন হয় না। আপনি যদি কোন **মণ্ডলীতে** যোগদান করেন তাহলে কোন মণ্ডলীতে আপনি যোগদান করবেন? (ক অথবা খ)

ক) যিরুশালেমের **মণ্ডলী**। (প্রেরিত ৪:৩২-৩৩)

খ) লায়দিকেয়াস্থ **মণ্ডলী**। (প্রকাশিত বাক্য ৩:১৪-১৭)

১৩) প্রেরিত ২:৪২ পদ পাঠ করুন। প্রেরিতদের থেকে শিক্ষা গ্রহণ করার জন্য প্রাথমিক খ্রীষ্টিয়ানগণ কিভাবে তাদের সময় ব্যয় করতো?

| |
|---|
| তারা পরস্পরের সঙ্গে **সহভাগিতাও** করতো। তারা একত্রে **রুটি ভাঙ্গতো।** |

১৪) ইব্রীয় ১০:২৫ পদের অর্থ কি? এই পদ আমাদের কি করতে বলে?

| |
|---|
| পরস্পরের সঙ্গে মিলিত হওয়া থেকে আমরা যেন দূরে না থাকি। আমরা যেন পরস্পরকে উৎসাহ প্রদান করি। |

১৫) আপনার কি মনে হয় যে একটি **মণ্ডলীতে** যোগদান করা আপনার উচিত? (হাঁ অথবা না)। যদি হাঁ হয়, তাহলে কেন?

১৬) **পরিত্রাণের** জন্য আপনি ঈশ্বরের উপরে ভরসা করেছেন। এখন আপনি আছেন ঈশ্বরের পরিবারে। আপনি এখন যীশু খ্রীষ্টে **একীভূত** হয়েছেন অথবা যুক্ত হয়েছেন। যীশু খ্রীষ্টে আপনি সকল খ্রীষ্টিয়ানদের সঙ্গে **একীভূত** হয়েছেন। একটি **মণ্ডলীতে** যুক্ত হওয়ার বিষয়ে আপনাকে ভেবে দেখা উচিত। খ্রীষ্টিয়ানদের ক্ষেত্রে এই **সহভাগিতা** গুরুত্বপূর্ণ। আপনার **মণ্ডলী** আপনার নূতন বিশ্বাসে আপনাকে বৃদ্ধি পেতে সাহায্য করতে পারে। আপনার **পালকও** আপনাকে সাহায্য করতে পারেন। আপনার ক্ষেত্রে নিম্নলিখিতগুলির মধ্যে কোনটি সত্য? (ক, খ, অথবা গ)

ক) আমি একটি মণ্ডলীতে যোগদান করেছি।

খ) আমি একটি মণ্ডলীতে যোগদান করি নি।

গ)　আমি একটি মণ্ডলীতে যোগদান করার কথা ভাবছি।

এখন আপনি বাইবেল অধ্যয়ন সমাপ্ত করেছেন। আপনি যখন ঈশ্বরের সঙ্গে গমনাগমন করবেন, তখন আপনার দিনগুলি মঙ্গলময় হবে! মনে রাখবেন :

• ঈশ্বরের উপরে ভরসা রাখুন এবং তাঁর জন্য জীবন যাপন করুন।

• ঈশ্বরের বাক্য পাঠ করুন, তাঁর থেকে শিক্ষা গ্রহণ করুন।

• প্রার্থনায় ঈশ্বরের সঙ্গে কথা বলুন। এটি আপনার একটি সৌভাগ্য।

• ঈশ্বরের পরিচর্যা করুন। তাঁর জন্য এবং অন্যদের জন্য নিজেকে দিয়ে দিন।

• আপনার জন্য যীশুর মাধ্যমে ঈশ্বর কি করেছেন তার সাক্ষ্য দিন।

• আপনার সম্পূর্ণ জীবন ঈশ্বরকে দিয়ে দিন। তারপর পবিত্র আত্মাকে বলুন যেন তিনি আপনার জীবন পূর্ণ করে দেন।

• একটি **মণ্ডলীতে** এবং বিশ্বাসীদের **সহভাগিতায়** যোগদান করুন।

*শব্দ তালিকা*

১)　**রুটি ভাঙ্গা** (*ক্রিয়া পদ শব্দগুচ্ছ*): একটি আহার ভোজন করেছিল; এর অর্থ **প্রভুর ভোজও** হয়।

২)　**মণ্ডলী** (*নামবাচক বিশেষ্য পদ*): যীশু খ্রীষ্টে বিশ্বাসী সকল ব্যক্তিগণ; সকল খ্রীষ্টিয়ানগণ; সেই সকল ব্যক্তিরা যারা পাপ থেকে মুক্তি লাভ করেছে; সেই সকল ব্যক্তিরা যারা **পরিত্রাণের** জন্য ঈশ্বরে বিশ্বাস করেছে।

৩)　**মণ্ডলী** (*বিশেষ্য পদ*): একটি ভবন অথবা একটি স্থান, যেখানে উপাসনা করার জন্য খ্রীষ্টিয়ানগণ মিলিত হয়; খ্রীষ্টিয়ান বিশ্বাসীদের একটি **সহভাগিতা।**

৪)　**সহভাগিতা** (*বিশেষ্য পদ*): মানুষ যখন বন্ধু হয়ে যায় এবং পরস্পরের সঙ্গে ভাগাভাগি করে নেয়; **মণ্ডলীতে** সেই জীবন যেটি খ্রীষ্টিয়ানগণ যীশু খ্রীষ্টে একত্রে যাপন করে।

৫)	**প্রভুর ভোজ** (*নামবাচক বিশেষ্য পদ*): একটি বিশেষ পদ্ধতি, যার মাধ্যমে খ্রীষ্টিয়ানগণ যীশুর মৃত্যু স্মরণে রাখে; (নির্দিষ্ট কোন একটি সময়ে যখন খ্রীষ্টিয়ানগণ মিলিত হয়, তখন তারা একত্রে **প্রভুর ভোজ** গ্রহণ করে। **প্রভুর ভোজকে** কম্যুনিয়নও বলা হয়ে থাকে।)

৬)	**পালক** (*বিশেষ্য পদ*): বিশ্বাসীদের **মণ্ডলীর** অথবা **সহভাগিতার** একজন নেতা; (একজন **পালক**, **মণ্ডলীতে** ঈশ্বরের পরিচর্যা করেন। তিনি ঈশ্বরের বাক্য প্রচার করেন। তিনি খ্রীষ্টিয়ানদের বিশ্বাসে বৃদ্ধি পেতে সাহায্য করেন।)

৭)	**পরিত্রাণ** (*বিশেষ্য পদ*): ঈশ্বরের কাজ, যার মাধ্যমে মানুষ পাপ থেকে মুক্তি লাভ করে।

৮)	**বশীভূত হওয়া** (*ক্রিয়া পদ*): আজ্ঞা পালন করা; সমর্পিত হওয়া অথবা আর একজন ব্যক্তির ইচ্ছা অনুসারে চলা।

৯)	**একীভূত হওয়া** (*ক্রিয়া পদ*): যুক্ত হওয়া; **মণ্ডলীতে** এক দেহ রূপে সম্মিলিত হওয়া।

## পরিশিষ্ট

# প্রশ্নাবলীর উত্তর

পাঠের প্রশ্নাবলীর প্রস্তাবিত উত্তর এখানে দেওয়া আছে। আপনি অন্যান্য সম্ভাব্য উত্তরগুলি পাবেন প্রথম বন্ধনীতে। আপনি অন্যান্য সম্ভাব্য উত্তরগুলিও ভেবে দেখতে পারেন।

*পাঠ* ১

১) হ্যাঁ

২) (ক) যীশু (খ্রীষ্ট), (খ) আপনি (আমি, যে কোন ব্যক্তি, সকল ব্যক্তি, যে কোন লোক); (গ) তাঁকে স্বাগত করুন; (ঘ) ভিতরে আসুন; (ঙ) ব্যক্তিগত উত্তর।

৩) হ্যাঁ

৪) (ক) তাদের পাপের কারণে; (খ) হ্যাঁ; (গ) ব্যক্তিগত উত্তর

৫) খ্রীষ্ট (যীশু)

৬) উদার ভাবে ক্ষমা করা

৭) (ক) ভুল; (খ) থামিয়ে দেওয়া; (গ) উদার ভাবে ক্ষমা করা (মাফ করা)

৮) গ (আমাকে বিশ্বাস করতে হবে যে যীশু আমাকে পরিত্রাণ করবেন।)

৯) (ক) ভাল কাজ; (খ) না

১০) পিতা (ঈশ্বর, পিতা ঈশ্বর)

১১) হ্যাঁ

১২) (ক) হ্যাঁ; (খ) হ্যাঁ; (গ) স্বর্গ

১৩) হাঁ অথবা না – ব্যক্তিগত উত্তর। যদি হাঁ হয়, তাহলে দৃষ্টান্ত : "আমি পাপের জন্য অনুতাপ করেছি। যীশু হলেন আমার মুক্তিদাতা। যীশু আমাকে মুক্ত করেছেন।" অন্যান্য উত্তর সম্ভব।

*পাঠ ২*

১) (ক) হাঁ; (খ) হাঁ; (গ) যীশু (খ্রীষ্ট); (ঘ) হাঁ; (ঙ) হাঁ

২) দিয়াবল (শয়তান)

৩) পরীক্ষিত

৪) না

৫) দিয়াবলের বিরুদ্ধে যুদ্ধ কর (দিয়াবলের বিরুদ্ধে দাঁড়াও, দিয়াবলের আজ্ঞা পালন করবে না, ঈশ্বরের আজ্ঞা পালন কর)

৬) ঈশ্বরের আজ্ঞা লঙ্ঘন করা (সঠিক কাজ না করা, ঈশ্বরের আজ্ঞা পালন না করা)

৭) হাঁ

৮) (ক) ব্যক্তিগত উত্তর। দৃষ্টান্ত স্বরূপ, : "আমি যেন পাপ না করি (যেন পাপ করতে না থাকি, ক্রমাগত ভাবে পাপ না করি); (খ) না

৯) ক (প্রলোভন থেকে রক্ষা পেতে ঈশ্বর আমাকে সাহায্য করবেন)

১০) সুতরাং আমরা পাপ করবো না।

১১) গ (যীশুর কাছে পাপ স্বীকার করুন এবং মন ফিরান)

১২) হাঁ

১৩) প্রেম

১৪) মেষ (খ্রীষ্টিয়ান বিশ্বাসীগণ)

*পাঠ ৩*

১) হাঁ

২) হাঁ

৩) সকল উত্তর “হাঁ”

৪) (ক) মান্য কর (পালন কর); (খ) হাঁ; (গ) শোন (গ্রহণ কর; বিশ্বাস কর; পালন কর; সেটি কর); (ঘ) হাঁ; (ঙ) পালন কর (ধরে রাখ, ক্রমাগত ভাবে সেটিতে থাক); (চ) হাঁ; (ছ) ঈশ্বরের আজ্ঞা পালন কর; (জ) হাঁ

৫) প্রেম

৬) (ক) হাঁ; (খ) জীবন

৭) (ক) তলোয়ার; (খ) ঈশ্বরের বাক্য (শিক্ষা দেওয়া)

৮) (ক) তিনি শাস্ত্র থেকে উদ্ধৃতি দিয়েছিলেন; (খ) সেগুলো আমাদের বলে যে ঈশ্বর কি চান

৯) (ক) এটি আমাদের বলে যে ঈশ্বর নিয়ন্ত্রণ করেন; (খ) ঈশ্বরের আদেশ স্মরণে রাখা

১০) সকল উত্তর ব্যক্তিগত

১১) ব্যক্তিগত উত্তর

১২) ব্যক্তিগত উত্তর। দৃষ্টান্ত স্বরূপ : খ্রীষ্টিয়ান রূপে বৃদ্ধি লাভ করার জন্য, ঈশ্বরের ইচ্ছা জ্ঞাত হওয়ার জন্য, এখন সাহায্য প্রাপ্ত হওয়ার জন্য (অন্যান্য উত্তর সম্ভব)

*পাঠ ৪*

১) সকাল (দিন)

২) সর্বদাই

৩) ধন্যবাদ দাও

৪) (ক) পাপ (অপরাধ; মন্দ); (খ) না

৫) (ক) হাঁ; (খ) ঈশ্বর যা চান তার সঙ্গে একমত (এইগুলি হল ঈশ্বরের ইচ্ছা অনুসারে)

৬) (ক) প্রার্থনা; (খ) হাঁ; (গ) পিতা ঈশ্বর; (ঘ) থাকা (সঙ্গে থাকা)

৭) বিশ্বাস করা

৮) ব্যক্তিগত উত্তর

৯) জেগে থাক ও প্রার্থনা কর

১০) গ (আমরা আমাদের হৃদয়ে কি অনুভব করি সেটি তাঁকে বলা)

১১) ব্যক্তিগত উত্তর

১২) ব্যক্তিগত উত্তর

*পাঠ ৫*

১) (ক) আমার সমস্ত হৃদয়, প্রাণ, ও মন সহ; (খ) নিজের মতো (আমার মতো)

২) উভয়ের জন্যই প্রয়োজন ঈশ্বরের আজ্ঞা পালন করা (কাজ করা, কাজ করতে থাকা)

৩) (ক) মৃত্যুবরণ করা; (খ) আমি অনন্ত (প্রকৃত, নূতন) জীবন লাভ করি; সম্মান লাভ করি

৪) ঈশ্বরের

৫) যে কোন কিছু; সকল কিছু

৬) (ক) চুরি করিও না; (খ) উত্তম কর্মচারী হও; (ঘ) গরিব ও অভাবী মানুষদের সঙ্গে ভাগ করে নাও

৭)  প্রেম, দয়া

৮)  অবিশ্বাসীগণ (যারা যীশুতে বিশ্বাস করে না)

৯)  (ক) পবিত্র আত্মা; (খ) আমি এখন ঈশ্বরের

১০)  ভ্রাতা (ভগিনী এবং অন্যান্যরা)

১১)  এই জগৎ

১২)  যীশু বিশাল এক মূল্য চুকিয়েছেন (যার দ্বারা আমাকে ক্রয় করেছেন)।

১৩)  (ক) ঈশ্বরের দয়া; (খ) তাঁর ধার্মিকতা (যেটি ঈশ্বর চান)

১৪)  অনন্ত জীবন (চিরকালের জীবন)

১৫)  ব্যক্তিগত উত্তর

*পাঠ ৬*

১)  যীশু তাঁর জন্য সকল কিছু করেছেন

২)  (গ) আপনি নিজে যা দেখেন ও শোনেন

৩)  (ক) পিতর; (খ) আন্দ্রিয়

৪)  ব্যক্তিগত সাড়া দেওয়া

৫)  (ক) ফল; (খ) যখন আমরা সাক্ষ্য দিই (সাক্ষী হই)

৬)  সকল উত্তর ব্যক্তিগত

৭)  সকল মানুষ সর্বত্র (অন্যান্য ব্যক্তিরা)

৮)  (ক) যখন তারা বিশ্বাস করে; (খ) ব্যক্তিগত উত্তর; (গ) ব্যক্তিগত উত্তর

৯)  মনুষ্যধারী

১০)  একটি উত্তর (আমার সাক্ষ্য)

১১)  পৌল

১২)  (ক) যেহেতু যীশুই হলেন পথ, সত্য, এবং জীবন; (খ) যীশু হলেন একমাত্র ব্যক্তি, যিনি আমাদেরকে পিতা ঈশ্বরের দিকে পরিচালনা করেন

১৩)  ঙ (আমাদের এই সকল কিছুই বলতে হবে)

১৪)  (ক) ব্যক্তিগত উত্তর; (খ) হাঁ; (গ) হাঁ

১৫)  ব্যক্তিগত উত্তর

১৬)  ব্যক্তিগত উত্তর

*পাঠ ৭*

১)  (পবিত্র) আত্মা

২)  (পবিত্র) আত্মা (পরামর্শ দাতা, সহায়ক, সান্ত্বনা দাতা)

৩)  হাঁ

৪)  যীশু খ্রীষ্ট

৫)  সাক্ষী (সাক্ষ্য দেওয়া)

৬)  অননিয়

৭)  তারা ছিল জাগতিক (এই জগতের; জগতের মানুষদের ন্যায়)

৮)  যীশুর রক্তে (মৃত্যুতে)

৯)  (ক) তাদের পবিত্রীকৃত (সমর্পিত) করার জন্য; (খ) ব্যক্তিগত উত্তর

১০)  বিশ্বাস (যীশুতে তাদের বিশ্বাস)

১১)  ঈশ্বর

১২)  খ (এই জীবনে আমরা কখনোই শুচি হতে পারি না।)

১৩)  পাপের (ব্যবস্থা)

১৪)  প্রেম

১৫)  পবিত্র আত্মা

১৬)  আত্মা (পবিত্র আত্মা)

১৭)  ব্যক্তিগত উত্তর

১৮)  ব্যক্তিগত উত্তর

*পাঠ ৮*

১)  মণ্ডলী (মানুষ); বিশ্বাসীগণ (শিষ্যগণ, অনুগামীগণ); খ্রীষ্টিয়ানগণ

২)  (খ্রীষ্টের) দেহ

৩)  (যীশু) খ্রীষ্ট

৪)  আমাদের মুক্তিদাতা হওয়ার জন্য

৫)  যীশু (ঈশ্বর)

৬)  মণ্ডলীগুলি

৭)  (পরস্পরের প্রতি) প্রেম

৮)  (পরিচালনা) করার জন্য যত্ন নেওয়া

৯)  ঘ (এই সকল তিনটি বিষয় আমাদের মনে রাখা উচিত।)

১০)  (তাদের সঙ্কটে) তাদের বোঝা বইতে সাহায্য করা

১১)  (পবিত্র) আত্মা

১২)  ক (যিরুশালেমের মন্দির হল শ্রেষ্ঠ পছন্দ।)

১৩)  (মতবাদ) শিক্ষা দেওয়া

১৪)  একত্রে মিলিত হওয়ার জন্য পরস্পরকে উৎসাহিত করা

১৫)  (ব্যক্তিগত সাড়া দেওয়া – কিন্তু কয়েকটি ভাল উত্তর এমন হতে পারে : ঈশ্বরের উপাসনা করার জন্য; আমি যখন অন্যান্য বিশ্বাসীদের সঙ্গে সাক্ষাৎ করি তখন অধিক শক্তিশালী হওয়ার জন্য; অন্যান্য খ্রীষ্টিয়ানদের থেকে সাহায্য প্রাপ্ত হওয়ার জন্য; ঈশ্বরের সম্পর্কে অধিক জানার জন্য)

১৬)  ব্যক্তিগত উত্তর